মাননীয় ডেপুটি স্পৌকার মহাশয়, আমাদের ডেষ্ট্র প্রতাগচল্প চল্প যে প্রস্তাব এখানে উপস্থিত করেছেন, তা আমি সর্বাঙ্গভূক্ত সমর্থন করাই। একটা জিনিস আজকে সকালবেলা সংবাদ-পত্রে পড়াইয়াছে—ভারতবর্ষের একটা পাঞ্জড়ি কর্মউনিস্টরা কালকে খেলে নিয়েছে। সেই পাঞ্জড়ি হলো ওয়ালং; ঠিক তার পাশে আর একটা সংবাদ দেখাই—জোড়াভাবের দল বর্ষমানে নিরবৈচ জনতার উপর আক্রমণ করেছে। একদিকে জোড়াভাবের দল ওয়ালং কেড়ে নিয়েছে, আর একদিকে তারা বধ মানে জনতার উপর আক্রমণ করেছে। বাংলাদেশ থেকে গুড়ভাণ্ডী হাবে কি থাবে না? সেকথা জানতে চাই। জোড়াভাবের দলের গুড়ভাণ্ডী বাংলাদেশ থেকে নিশ্চিহ্ন হবে বি হবে না—আজ শুনতে চাই? অনেক তথ্যের কথা আমরা শুনোৱ। বড় বড় প্রতিভাবের বৃক্ষাণ শুনোৱ। জোড়াভাবে যে খ্ৰি নিৰ্ধূত অভিনয় করেছেন, তাৰ জনা তাঁৰে ধনবাদ দেব। চৰকৰ অভিনেতা জোড়াভাবে। এখানে তিনি দাঁড়িয়ে বলেছেন কর্মউনিস্ট পার্টি সৰ্বাঙ্গভূক্ত ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা সৰ্বোন করেছেন। জোড়াভাবের চৰক এম্বেসেডের প্রয়োগ দাসগৃহ্ণ এই মাসের প্রয়োগ ও মোস্যা নবেন্দ্রের শিলিঙ্গদ্বিধ শহরে একটা গোপন মিটিং কৰেছিলেন। সেই মিটিংএ জোড়াভাবের চৰক এম্বেসেডের গোপন কি নিৰ্দেশ দিয়ে এসেছেন সেটা আমি বলবো—সেটা হচ্ছে এই—আমরা কর্মউনিস্টের সংবাদপত্ৰ যে বিবৰ্ত দিয়োৱ, তা বিশ্বাস কৰা উচিত নহ, তা বিশ্বাস কৰাবেন না। সিদ্ধান্ত যা মেওয়া হচ্ছে, যেগুলো সংবাদপত্ৰে দেখবেন, তা বিশ্বাস কৰাবেন; আৰ মাত্ৰ যে সমস্ত বৃক্ষাণ দেব তা বিশ্বাস কৰাবেন না। কাৰণ ভাৰতবৰ্ষের জনমত, বালোৱ জনমত আমাদেৱ বিৰুদ্ধে। এই সৱৰ আমাদেৱ ভালভাৱে সংৰক্ষে, সাবধানে কাজ কৰাতে হবে। প্ৰৱেশ দাস গৃহ্ণ শিলিঙ্গদ্বিধ শহৱেৰ দ্বিকৰণ উপৰ দাঁড়িয়ে এই বিবৰ্ত দিয়ে এসেছেন। জোড়াভাবে তা স্বীকৰ কৰোৱ। তিনি বাদি অস্মীকৰণ কৰোৱেন, তাহেৰে তাৰ কাছে নিবেদন কৰবো।

[গোলামাল]

শিলিঙ্গদ্বিধ শহুৰ বাগড়েগৱাৰ কৰ্মউনিস্ট অফিসে ঘোষণা মিটিং কৰে তিনি থলেছেন আমৰা যা বলি তা বিশ্বাস কৰো না। এই হচ্ছে আমাদেৱ গোপন নিৰ্দেশ। সেখানে কৰো ছিলেন না ছিলেন, তাৰ সমস্ত সংবাদ আৰম এনে দিতে পাৰি। জোড়াভাবে, বাদি যানে কৰেন চৰনেৰ সঙ্গে সেলাপুৰামৰ্গ কৰে কাজ কৰা যায়, কেন জোড়াভাবে, ভুল যান তাঁদেৱ প্ৰতি সভাৰ আমাদেৱও তোক থাকে? তিনি হাতিকেশে ৮ই তাৰিখে মিটিং কৰেছেন, সেখানে তাঁৰা কি ঘলেছেন? তিনি বলেছেন, বেতাবেই হৈক না কেন আমাদেৱ যে নীচ তা কাৰ্বৰুৰী কৰতে হবে।

[এ ভৱেস: জোড়াভাবেৰ পোৰা কুকুৰৰা মিটিংএ কি কৰছে কি না কৰছে তা জানতে চাই না!]

[গোলামাল]

কল্পু গত ১১ই নবেন্দ্রে শিলিঙ্গদ্বিধ শহৱে প্ৰাকাশো জোড়াভাবেৰ ছাত্ৰ ফেডৱেশন কি কৰাবে? প্ৰকাশোভাৱে জোড়াভাবেৰ ছাত্ৰফেডৱেশন ছাত্ৰ ও দ্বাৰা সংস্থাৰ সমক্ষেত শোভাবাটাৰ দাঁড়িয়ে থলেছেন কৰ্মউনিস্ট পার্টিৰ বিৰুদ্ধে কেন কথা বলা চাবে না, চীনৰ বিৰুদ্ধে কেন কথা বলা লাবে না। সেই শোভাবাটাৰ ১০ হাজাৰ লোক ছিল। সেখান থেকে তাদেৱ বাঢ়ি ধৰে কৰ্মউনিস্ট দলকে দেৱ কৰে দিয়েছিল শিলিঙ্গদ্বিধ শহৱেৰ ছাত্ৰৰা। এইসব ঘটনা প্ৰকাশো দ্বাৰাকোৱে ঘৰ্তোহৰ। গত ১৩ই নবেন্দ্রে শিলিঙ্গদ্বিধ কলেজে জোড়াভাবেৰ তৰক থেকে তিনটা শক্ত সংস্থাৰ পক্ষ থেকে একটা মিটিং ভাক ইহ। সেই মিটিংএ দাঁড়িয়ে জোড়াভাবেৰ চৰক এম্বেসেডেৰ বলেছিল গ্ৰামোহন লাইন ইজ এল ইয়াজিনোৰী লাইন। ১৩ই নবেন্দ্রে মিটিংএ শিলিঙ্গদ্বিধ কলেজেৰ একজন প্ৰফেসৱ, জোড়াভাবেৰ ভক্ত, তিনি দাঁড়িয়ে থলেছেন, একজন প্ৰকাশক কলেজেৰ হৈ, চীন অনাবৰভাৱে আক্ৰমণ কৰেছে। বৃক্ষাণ কিভাবে দিতে হবে উত্তৰবল্পে, তা তিনি শৰ্থীৱে দিয়েছেন এইভাৱে প্ৰথমে মিটিং-এ পৰি পৰি বৃক্ষাণ প্ৰস্তাৱ কৰতে থাই। ওই নবেন্দ্রে শিলিঙ্গদ্বিধ কলেজ প্ৰাপ্তে কৰ্মউনিস্টৰা বলেজ, বেতৰাকীৰ বিৰুদ্ধে,

আমাদের শাগতে হবে। আমাদের যে বীর জওয়ানরা লড়াই করছে, তাদের নিষ্ঠারই সমর্থন করতে হবে। কমিউনিস্ট পার্টির করদা হলো বেরুবাড়ী রক্ত চাওয়া। এইভাবে তাঁরা শেখান। জোতিবাবু, বলছেন আমরা চীনের বিরুদ্ধে এই দ্বন্দ্বকে সর্বান্তকরণে সমর্থন করি। কালকে বর্ধমানে জ্যোতিবাবুর গৃহস্থাশী স্বর্ণশিল্পগুলি নিহাই শোভাভাস্তরে উপর বিভিন্নভাবে আক্রমণ করেছে। তার কি জ্ঞান তিনি দেবেন? জ্যোতিবাবুর মূল উত্তরবলে স্পাইং করছে। তার কি জ্ঞান তিনি দেবেন সেক্ষেত্রে জ্ঞানতে চাই।

গত তুরা নববৰ্ষের পিংকিং রোডও থেকে বলেছে বাগড়োগরা এরোজ্বাম মিলিটারীর হাতে চলে গেল। বাগড়োগরা এরোজ্বাম চলে গেল তুরা নববৰ্ষের পিংকিং রোডও থেকে ঘোষণা করেছেন। আমার বাড়ী বাগড়োগরা, আমি জানি না কখন মিলিটারীর হাতে বাগড়োগরা এরোজ্বাম চলে গেল, আর জ্যোতিবাবুরা ঠিক পার্শ্ববর্তী কোন এক রাস্টের মাধ্যমে তিনি বস্তার মধ্যে সমস্ত খবর সাসাকে পেরৈছে দিচ্ছেন। অস্বীকার করন কর্মউনিস্ট বশ্বরূপ? [নয়েজ] পার্শ্ববর্তী একটা রাস্টের মাধ্যমে হাই টেলসন রেডিওর মাঝে খবর পার্টিরে দিয়ে, তারা কি এস.পার্যানেইত করেন নি? অস্বীকার করন কর্মউনিস্ট বশ্বরূপ! [সেম, সেম!] কর্মউনিস্ট বশ্বরূপ একটা জিনিস দূল করছেন। তার পক্ষের অনেক কথা শুনিয়েছেন। কিন্তু আজকে বলাই বরং জ্যোতিবাবুর রাস্টাই ঠিক। কর্মউনিস্ট পার্টির জ্যোতিবাবুর মধ্যে দ্ব্যবনী ভাব আছে, তার মধ্যে ড্রাফ্টার কৃ। বে সমস্ত কর্মউনিস্টরা আজকে বলছেন পার্শ্বত দেহের দেশে সমর্থন করি, আর পিছন থেকে পার্শ্বত নেহেরুকে ছুরি মারছেন, তারা আরও সংঘৰ্ষিত। জ্যোতিবাবুর দিসেত ফেরৎ বারিস্টার মান্য, পিকিং থেকে উড়ে এসে জ্বাল বসেছেন; তিনি বরং অনেক পরিষ্কার কথা বলেছেন। তিনি ভদ্রের মত কথা বলেননি। সেইজন ভাল কিছুটা জ্যোতিবাবুর সঙ্গে সমন্বয়ান লড়াই করা থাবে। কিন্তু সেই সমস্ত কর্মউনিস্ট, যারা মুখে ভাল, ভাল কথা বলেন, অর্থাৎ যাদের মুখে এক কথা, আর মনে আনা কথা, তাদের সাথে লড়াই করা অসম্ভব হয়ে পড়েছে। সমস্ত উভয় বালোয় কর্মউনিস্ট পার্টি বিবাট গৃহস্থচর বাহিনী স্থাপ্ত করেছে। চীনা বাক্সের টাকা চার, পাঁচ কোটি, তার একটী পিপাট অংশ উভয় বালোয় বিল করা হয়েছে। দার্জিলিং জেলার একজন কর্মউনিস্ট নেতা দ্বা' টাকা, চার টাকা, পাঁচ টাকা করে জনসাধারণের কাছ থেকে চীনা আদার করেছেন এবং বলেছেন স্বাক্ষরে চীন দিতে হবে এবং রাস্তদাতা তারা রেখে দেবে, চীনা মুক্তি দেবে যখন আসবে তখন তাদের দেখাবে। ব্যকে এটা এটে রাখবে, তেমাদের কোন ভর নেই।

[নয়েজ গ্রাউন্ড ইন্টারাপ্লানস!]

পশ্চিমবাহ্যার বহু কর্মউনিস্ট বশ্বরূপ এখানে আছেন, আমি বিশ্বাস করি তাঁরা আজকের দিনে এই ভাস্ত পথ থেকে সরে দৌড়াতে চান। আমি বিশ্বাস করি কর্মউনিস্ট পার্টির ভিতরে এখনও মানুষ আছে, তাদের দেশাভ্যবেধ আছে, এবং তাঁরা নিষ্ঠায় এর প্রতিকার করবেন। কর্মউনিস্ট পার্টির ভিতরে মেছবাজার বোয়া মারলার নিরঞ্জন সেলগ্রাম এখানে রয়েছেন। কর্মউনিস্ট পার্টির ভিতরে অস্ত্রালার স্ল্যাটন মারলার গণের দেৱ রয়েছেন। পার্শ্বগোপাল ভাদ্রুল বর্মণের জ্যোতিবাবুকে কবে তাঁরা ভাঙবেন? কালকে আমরা বলেছি এই পশ্চিমবৰ্তুরের মাটে, কর্মউনিস্ট পার্টি থেকে জ্যোতিবাবুর খতম করে দিলে পর বালোদেশের মান্য স্বীকার করবে কর্মউনিস্ট পার্টিরে, তার আগে নয়। জ্যোতিবাবুর সূরে স্বীকৃত পর্যায়ে কর্মউনিস্ট পার্টির লোকরা মাদ্দ মনে করেন দেশাভ্যবেধের পরিচয় দেওয়া যাবে, সেটা সম্পূর্ণ ভুল রাখতা ব্যব। জয়রাম মাথ, শোগুলুন, ডাক্ষের সম্বন্ধে উভয় বালোয় আপনারা প্রচার করেছেন রিংডসনিস্ট বলে। [নয়েজ গ্রাউন্ড ইন্টারাপ্লানস!] এটা কি তাদের দেশাভ্যবেধের পরিচয় দেওয়া? [সেম, সেম!] আমি জিজ্ঞাসা করি আজ পশ্চিমবাহ্যার মান্য আছে কিনা? পশ্চিমবাহ্যার কর্মউনিস্টদের এই বালুয়ারী চিহ্নের শেষ হবে কিনা?

[1:40—1:50 p.m.]

Sri Jamini Bhawan Saha: Mr. Dy. Speaker. Sir, on a point of privilege.

আমার কথা হল উমি বলছেন জ্যোতিবাবু বেইবাস.....

[নরেজ]

Mr. Dy. Speaker: He should not have said like this. This is unparliamentary.

Shri Jagadish Chandra Bhattacharjee:

বাংলাদেশের মানব শার্ল্টিপ্র মানব। আজ কর্মউনিস্ট পার্টি যেভাবে প্রচেষ্টা করছেন তাতে জাতীয় বিধান সভার আসতে পারেন, কিন্তু বাংলাদেশের মানব শার্ল্টিপ্র বলে বাংলাদেশের মানবের প্রতি আমরা বেইমান, নেমকহারামি করতে চাই না।

Shrimati Ila Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পৰিত্য মাতৃভূমি আজ আক্রান্ত। জাতীয় জীবনের আজ এক চৰম সম্ভটের ঘূহতে আমাদের এই অধিবেশন আহত হয়েছে। আজক্ষণ্য দেশভূমি পুনৰুৎস্থারের জন্য ভারতের প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু সমগ্র জাতির প্রতি উদাসু আহবান জাননরেছেন—সমগ্র জাতিকে ঝুকাব্য হয়ে আত্মগঠকারীকে দেশের বৰ্ক থেকে বিভাড়িত করে দেওয়ার জন্য। এই মহান জাতীয় ঐক্যের আহবানে সড়া দিয়ে আজ সমগ্র জাতি বল্লু কঠিন সংকল্পে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। প্রতিজ্ঞার দ্রুত্য, সংকল্পে অটল ভারতবাসী আজ বিশ্ববাসীর প্রশ্না অর্জন করেছে। চীনের বিরুদ্ধে আমাদের সীমান্তে আমাদের বৌর জোরানোরা মাতৃভূমির অখণ্ডতা রক্ষা করার জন্য অসীম বীরেরের সঙ্গে অর্পণণ সংগ্রাম করছেন। আঞ্চলিক সংরক্ষণ দিচ্ছেন। তাদের প্রতি শ্রদ্ধার্পণ মাথা নত করছি। সঙ্গে সঙ্গে বলছি একটা যুদ্ধ তো আর শব্দ দেশাদেশের স্বারা হয় না, যদ্য জয়ের জন্য প্রয়োজন সমস্ত জাতির মধ্যে ব্যাপক জাতীয় এক। সেই জাতীয় ঐক্যের আহবান জানিয়েছেন আমাদের প্রধানমন্ত্রী।

.....“I earnestly trust and I believe that all parties and groups in the country will unite in this great enterprise and put aside their controversies and arguments which have no place today, and present a solid united front before all those who seek to endanger our freedom and integrity.”

এই এক গড়ার কাজে আজ আমাদের সকলকে, আমাদের সকল প্রচেষ্টাকে সংহত করতে হবে, কিন্তু স্পীকার মহাশয় গত দ্বাই দিন ধরে আমাদের এই বিধান সভার জাতীয় এই সম্ভটের পরিপূর্ণাত্তিতে যেভাবে আলোচনা চলেছে এবং তার স্বাবাদ সংবাদপত্র মারফত যেভাবে জনসাধারণের নিকট পেশ হচ্ছে তাতে আমি ব্যাখ্যিত ও বিচালিত হয়েছি। এই কি প্রধানমন্ত্রী সিপাহিগত জাতীয় এক গড়ার পথ? কর্মউনিস্ট পার্টি তথা কর্মউনিস্টদের বিরুদ্ধে নিন্ম ও কৃসোর স্বারাই কি জাতীয় এক স্থাপিত হবে? কর্মউনিস্ট পার্টি কি দেশের বহুতম বিরোধী দল নয় (নয়েজ ফর কংগ্রেস মেচেস) দেশের একটা বহুতম অংশ কি গত নির্বাচনে কর্মউনিস্ট পার্টিরে ভোট দিয়ে তাদের উপর আস্থা স্থাপন করেন নি? পশ্চিমবঙ্গের জনসাধারণের নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে আমরা এখানে মিলিত হয়েছি। আমাদের নিকট দেশপ্রেমিক সংগ্রহের ঐতিহ্য বহনকারী বাণিজ্যী, গণতান্ত্রিক আলোচনারে প্রজারী বাণিজ্যী জাতি আজ আমাদের কাছে কি আশা করে? শাস্ত ও সংবত্ত তার বল্ল কঠিন সংকল্প, শত্রু সম্ভ্রীন ইওরার জন্য প্রত্যারিণ্টি দুর্বার জাতীয় এক। দেশের বহুতম বিরোধী দল এবং তাদের নেতৃদের উপর বাস্তুগত আক্রমণ ইত্যাদির স্বারা আমরা কি আমাদের ঐতিহ্যের সংস্কারী গণগত্যের অবস্থানা করাই না? মাননীয় স্পীকার মহাশয় এই জন্মরী অবস্থার ভারতবাসীর গণমনে বে আবেগমন, আলোজনের সংগ্রহ হয়েছে আমাদের পাল্মারেটে হয়েদিন বাপী বিতর্কের শেষে জাতীয় নেতা পার্শ্বত নেহের, অখণ্ড জাতীয় ঐক্যের মে আশৰ্প ভুলে ধরেছেন তা একাধারে পোরুবদ্বীপ্ত দ্রুত্য শক্ত এবং শাস্ত, সংবত্ত, নিভীক অবিচালিত দৈর্ঘ্যের ম্ত প্রতীক।

মাননীয় স্পীকার মহাশয় আমাদের অধিবেশনে চীন আক্রমণের বিরুদ্ধে খে প্রস্তাব প্রতাপ বাবু এনেছেন সে প্রস্তাবের স্বাক্ষরের সঙ্গে একজন মা হয়েও আমি আমার সমর্থন জানাইছি, কিন্তু সঙ্গে সঙ্গে আমি অভ্যন্তর স্থূলের সঙ্গে বলছি যে সেই প্রস্তাব অবভাব ক্ষয়ের সময় তিনি বে তার প্রকাশ করেছেন তার সঙ্গে প্রধানমন্ত্রী সেহেরুর আশের তো কোন সম্পৰ্ক আছি দেখতে পাওছি না। আমি অভ্যন্তর কেনাকর সঙ্গে কলতে বাধা হাতি এই জাতীয় সকলে বাণিজ্যী জাতিক মনে বে আবেগের সংগ্রহ হয়েছে এটা তাৰ প্রকাশ কৰ। শাস্ত আক্রমণের সম্মুখে

আবা উচ্চ করে দাঢ়াবার জন্য, দূর্বল প্রতিজ্ঞার উদ্বৃত্তি করার জন্য। দেশপ্রেমের ডাকে আব্দি-নিরোগের জন্য আহরণের অভিবাস্ত কি এই ইওয়া উচ্চত ? প্রধানমন্ত্রী জাতিকে আহরণ জানিবেন নে, যেন আমরা ট্রান্সলাইজড না হই, আমরা যেন শালীনতা বিবর্জিত না হইয়ে উঠে, কিন্তু স্পীকার অহাশঙ্খ এই দূর্দিন ধরে বিধানসভার বে আলোচনা হচ্ছে তা কি শান্ত সংবত চিত্তের অভিবাস্ত ? স্পীকার মহাশয়, মাতৃভূমির অধিভুত উত্থারের জন্য পর্যবেক্ষণ নেহেরুর স্মরণ্যোগ নেতৃত্বে সমগ্র দেশবাসীর মধ্যে যে মহান ঐক্যের প্রয়োজন এবং ধার প্রকাশ আজ সম্ভাসিত হচ্ছে বিশ্বজননে বিশ্বার এবং প্রস্থার উদ্দেক করছে আমাদের বিধান সভার গত দুর্বিলে আলোচনা কি সেই মনোভাবকে প্রতিশালী করেছে ? অতএব ক্ষেত্রের সঙ্গে বলতে বাধা ইচ্ছ যেভাবে আলোচনা হচ্ছে তা তার সম্পূর্ণ পরিপন্থী, বিভেদের সুর কি এতে স্পষ্ট হয়ে ওঠেন ? কলকাতার বৃক্তে আজ নানান নেতৃত্ব হঠাত আবির্ভাব হয়েছে, বার নেতৃত্বে ক্ষেত্রমাত্র এই সংকট উত্তীর্ণ সেই নেতৃত্বে জহুলাল নেহেরুকে অপসারণের কথা উঠেছে এই সব সভা থেকে। আমাদের এই সভার মেভে আলোচনা চলছে এতে সেই বিভেদ-কার্যদের এবং জাতীয় শাস্তিকে পক্ষ, করার অপরাধবর্ধনিতাকে সাহায্য করছে না ? আজ দেশের বৃক্তে খালীবাদ আবির্ভাবের যে ইঞ্জিত স্পষ্ট হয়ে উঠেছে, সেই শাস্তি কি আমাদের এই সভার আলোচনার মধ্যে দিয়ে প্রাপক্ষত্ব লাভ করছে না ? আপনারা ক্ষিউরিনিস্ট পার্টির বিরুদ্ধে আপনাদের সমগ্র আক্ষণ্য কেন্দ্রীভূত করেছেন কিন্তু পি এস পি, জনসংগ্রহ, স্বতন্ত্র ইত্যাদি দল-গুলির কথা তো একবারও বলছেন না।

[1-50—2 p.m.]

তাঁরা কি নেহেরু সরকারের জোট নিরপেক্ষ নীতির বিরোধীতা করে প্রকাশে প্রচার চালিয়ে আছেন না ? সেটা কি দেশের মধ্যে একটা ভাবাবহ বিপদ ভেকে আলাছে না ? আবি দুর্বিলের সঙ্গে লক্ষ করেছি যে প্রদেশ কংগ্রেস সভাপতি, জনসংবের সভাপতির সঙ্গে একসঙ্গে ছিলে সভা করছেন, যে জনসংবে দেশবন্ধুর ব্যাপারে নেহেরুর প্রতিটি নীতির বিরোধীতা করছেন। জেনারেল কার্যরামপাকে আপনারা কেউ আমাদের জেনারেল বলে অভিহিত করেছেন কিন্তু সেই জেনারেলকে প্রধানমন্ত্রী মহাশয় কেন দেশবন্ধুর কাজে ডাকেন নি ? তা কি আপনারা জানেন না ? এই সব জেনারেলের জাজীন্দ্রিতে আসার প্রয়োগ দিলে তার পরিণাম কি সেটা প্রাক্ষিতানে দেখেছি। আজকে বারা বিভেদ স্থিতি করছে দেশপ্রেমের বড়াই করে তারা কি প্রধান মন্ত্রী মহাশয়ের হাত দুর্বল করছে না ? আমরা কি তাদের ফাঁদে পা দেবো ? তাই আজকে একটা কথা বলে বাব এই বিধানসভার বে আলোচনা হচ্ছে তাতে মনে হচ্ছে দেশপ্রেমের বেল দর বাচাই স্বত্ত্ব হবে গোছে। দেশপ্রেমের কথার বলতে চাই বে, ক্ষিউরিনিস্ট পার্টি দেশপ্রেমের সার্টিফিকেট করবুল কাছ থেকে চাই না। তাঁরা জীবন দিয়ে, মত দিয়ে প্রমাণ করবে বে তাদের দেশপ্রেম আছে কিনা। দেশপ্রেমের বড়াই আমরা করতে চাই না। আজকে সংকটের ঘৃহৃতে নিষ্ঠা কাজ এবং আজতাজের ধর্ম দিয়ে সেই জীবন প্রমাণ করতে হবে। ক্ষিউরিনিস্ট পার্টির পক্ষ থেকে আমাদের সমস্ত সহকর্মীরা তাদের সমস্ত শাস্তি দিয়ে জনসাধারণের সঙ্গে কাঁধ মিলিয়ে তা প্রমাণ করে দেবে। ক্ষিউরিনিস্ট পার্টির পক্ষ থেকে বিধায়ীন কঠে আর্মি দোষের করে ধার্জ যে চীনের এই অভিযন্ত্রে বিবৃত্যে মাতৃভূমির রক্ষা করবার জন্য, তার অধিভুত রক্ষা করবার জন্য আমাদের ক্ষিউরিনিস্ট পার্টির সমস্ত সহকর্মীরা তাদের সমস্ত শাস্তি নিরোগ করবে। আপনারা অপপ্রচার, কুরসা এবং প্রতিতন করে আমাদের কঠে রোধ করে দিয়েও আমাদের কর্তব্য থেকে আমাদের সরাতে পোর্বেন না। সমস্ত শাস্তি নিরোগ করে আমরা আমাদের কর্তব্য থেকে বাব এই বজবা দেখে আবি জলে ধার্জ, জানিনা আমাদের কি পরিপন্থি হবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের এখানে নেই, আবি তাঁর কাছে আবেদন দেখে বাব বে কি নীতি আমাদের সমস্তকে তিনি গ্রহণ করেছেন ? আমরা ক্ষিউরিনিস্ট পার্টির একজন জোরের সঙ্গে বলতে পারি বে নিজেদের জীবনের বিনিয়নে আমরা দেখিবে আমরা প্রের্ত দেশপ্রেমিক কি না।

[সংবেদ]

একথা বলে আবি আমার বক্তব্য ধার্জাই এবং ক্ষিউরিনিস্ট পার্টির মধ্যে আবি বলে আজকে আবি পর্বতে একথা দেখিবা করে আবি আমার বক্তব্য দেব করাই।

Shri Gakul Behari Das:

সম্মানিত অধ্যক্ষ মহাশয়, আজকের এই প্রস্তাব প্রসঙ্গে যে আর্মি দ্বারা একথা আমার চিন্তার মধ্যে ছিল না। যে প্রস্তাব ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র এই বিধানসভায় উপস্থিত করেছেন তাতে ৪৫ বোট জয়ত ভারতবাদীর বাস্তি প্রকাশ পেয়েছে। সেই প্রস্তাবের সঙ্গে জাঁড়ত হবার প্রলোভন সংযোগ করে না ক্ষেত্রে আর্মি এই বিধান সভায় দাঁড়িয়েছে। বিশ্বাসঘাতক চীন, বৰ্বৰ চীন এ কথার প্রদর্শন করবার ইচ্ছা আমার ছিল না কারণ সে কথা আজকে বিশ্ব জগতের প্রত্যেকে বুঝেছে এবং সে কথা আজকে প্রত্যেক রাষ্ট্রে ঘোষিত হচ্ছে। বিংশতু আর একটা সমস্যা আমাদের মধ্যে দেখা দিয়েছে এবং সেই সমস্যা হচ্ছে ভারতবাদের কার্মিউনিস্ট দল। আজকে মনে পড়ে চীন যখন তিস্বত আক্রমণ করেছিল এবং তিস্বত চীনের বিরুদ্ধে সংগ্রাম চালায়েছিল তখন চৌ-এন-লাই আমাদের প্রধানমন্ত্রী পার্টিত নেহেরুকে আভিযোগ করে ছিলোছিলেন যে কালাপং-এ ভারতের সাম্রাজ্যবাদী দল তিস্বতের এই ধূম্খ পরিচালন করছে। পার্টিত নেহেরু, যখন ভারতের প্রার্থীমেলে বিবৃত দিয়েছিলেন যে একথা যিথ্যা তখন কেন্দ্ৰ দল একথা বলেছিলেন যে পার্টিত নেহেরুর কথা যিথ্যা, চৌ-এন-লাই যা বলেছেন সেটাই সত্য। কোন দল বলেছিলেন যে এই আজাদী বৃটা হার ?

কোন দল বলেছিল জওহরলাল নেহেরু, সাম্রাজ্যবাদী এর্মেনকার পদলেহন করছে? আজ বহু, কথা শুনছি, কারণ ভারতের জনগণ আজ কার্মিউনিস্ট পার্টিকে বিধান করতে পারছে না। আর্মি বাস্তি আপনারা কার্মিউনিস্ট পার্টি আস্তান-স্থান করবেন। শুনেছিলাম সোমনাথ লাইডুই মহাশয় বলেছেন—তাঁদের সন্দেহ ছিল, তাঁদের যে বিধান ছিল, সেই বিশ্বাসের উপর নিভৰ করে তাঁদের মধ্যে অন্তর্ভুক্ত চলেছে। একথা কি সত্য? ভারতের বুকে চীন যখন ও বৎসর ধরে আস্তানা গেড়েছে, ভারতের সৈনিক, ভারতের জনগণের মধ্যে বিক্ষেপ এসেছে, যখন রাজ সিস্তত করেছে ভারতের হিমালয়ের শৃঙ্গ তুষার তখনও তাঁদের চিন্তা করতে এবং সমর্থন করতে লাগল ৩ বৎসর, এটাকে কি সত্য বলে বিধান করতে পারা যাব না এটা পররাষ্ট্রের প্রতি আন্দোলন? কার্মিউনিস্ট দলের নেতা শ্রীজ্যোতি বসু, মহাশয়কে পার্টিত নেহেরু, এবং শ্রীলালবাহাদুর শাস্তী স্থান করিয়ে দিয়েছেন তাঁরা বেন পররাষ্ট্রের প্রতি আন্দোলন, একস্তো লারেলিটি তাগ করেন। পার্টিত নেহেরু, যখন ন্যাশনাল কাউন্সিল-এ প্রস্তাব উপরে করেছিলেন তখন প্রকৃতই কি টিনি কার্মিউনিস্ট দলের উপর আস্তা প্রাপন করেছিলেন? তা বিনি হত তাহলে এই ধূম্খ যাপারে জাতীয় যে প্রারম্ভ কর্মিটি গঠিত হয়েছে, তা থেকে কার্মিউনিস্ট পার্টিকে বাদ দিয়েছেন কেন? কাজেই এসব কথা আমাদের স্বাক্ষর করতে পারে না। কার্মিউনিস্টরা বলেছেন যে তাঁরাও ন্যাশনাল কাউন্সিলে প্রস্তাব বেটা, সেটা গ্রহণ করেছেন কিন্তু তাঁরা একথা বলতে পারেন নি যে, তাঁরা তাঁদের নিজেদের বিধান তাগ করেছেন। সঙ্গে সঙ্গে এও দেখতে পাই যে তাঁদের চীনকে বিভাড় করবার জন্য উৎসাহ নাই যা সে সমস্তকে দোগ করে দেয়েছেন। তাঁদের প্রধান চিন্তা ভাস্তু না তাঁর নির্দলীয় নীতি তাগ করে পরিচৰী ভোটে পিলু না পড়ে—এই চিন্তাই তাঁদের মধ্যে প্রবল। তাঁর প্রারম্ভ পার্টি তাঁদের বন্ধবোর মধ্যে। কেন চীনকে বৃংতে হবে, ভারত থেকে দ্বাৰ করতে হবে সে সম্বন্ধে কোন বৃক্ষবা তাঁর উচ্চিত মধ্যে দেখতে পাই যাব না। আর্মি তাঁদের জিজ্ঞাসা করি আজ বাস্তি পশ্চাত্তা দেশগুলি বিনাসর্তে ভারতকে অস্ত সাহায্য না করতো তাহলে ভারতবৰ্ষ কোথার দ্বারা?

[2-2-10 p.m.]

আজ আর্মি তাঁদের জিজ্ঞাসা করি যে যখন ভারত নির্দলীয় রাষ্ট্রনীতি গ্রহণ করেছে তখন কেন অন্যান্য কার্মিউনিস্ট রাষ্ট্র ভারতের সাহায্য করেছে? এবং ধূম্খ প্রারম্ভ নয়, তাঁরা কেন চীনকে ভারতের বিরুদ্ধে সাহায্য করেছে? অন্যান্যে সাহায্য কর্তৃক না কর্তৃক, তাঁদের কাগজে চীনের নীতি তাঁরা সমর্থন করেছে। এই অবস্থার কার্মিউনিস্ট পার্টির ধূম্খ শোভা পাব না, একথা বলা বে ভারতবৰ্ষ বেন নির্দলীয় নীতি অবস্থান করে। তাঁদের ধূম্খ ইন্দ্র একথা শোভা বাবে ভারতবৰ্ষের কার্মিউনিস্টদের ক্ষেত্রে পারা যাব কার্মিউনিস্ট ইন্দ্রের অন্তর্ভুক্ত। ভারতের ধূম্খে ভারত নির্দলীয় মিলপেক নীতি অবস্থান কর্তৃক একথা বলা একেবারে শোভা পাব না। একথা আজো বেন আর্মি যে পার্টিত জওহরলাল নেহেরু, এই মিলপেক তাৰ ভাস্তু কৰবেন না এবং দেশব্যাপী বেৱে৳া করেছেন। তা সবুজ পার্টি দেশব্যাপী

ভারতবর্ষকে সাহায্য করেছে; শুধু সাহায্য করেন, এই অবস্থার পার্কিংতান বে তার হাঁরি উদ্যোগ করে রেখেছে তাকেও নিব্বক করবার চেষ্টা করছে। কিন্তু আমরা দেখতে পাইছ না কমিউনিস্ট দেশ হেকে কেন সাহায্য এসেছে। কাজেই পিটার্সনের ভীষণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে, কাগজে, কথায় দাঁড়িও তারা এখন অনুপ্রস্তা জানাচ্ছে, কিন্তু কাজে, আচরণে অন্য রকম অবস্থা আমরা দেখতে পাইছ। আজ তারা জোর গলায় অনেক কথা বলেছেন। কিন্তু তোকে তাঁদের অবিবাস করছে। সেজন্য আমরা তাঁদের বলব এখন সময় এসেছে, তাঁদের এই কমিউনিস্ট লোকেল তাও করার। তাছাড়া তাঁদের প্রার্তি লোকের বিশ্বাস হবে না। তাঁরা ছাই দেখে প্রার্তি করন। আরী অধিক কথা বলতে চাই না। আর আরী একটা কথা বলব বে, আমাদের ভারতে বে উত্তেজনা, বে উৎসাহ দেখা দিয়েছে তা কার্বে পরিণত করবার জন্য সময় নষ্ট করা আদো সবৈচীন নৰ। আমাদের বিপর্যরের মেসব সংবাদ আসছে তাতে আমরা নিরসাহ হইলি। এখন বৃক্ষক্ষেত্রে চীন সৈন্যকে বৃক্ষবার জন্য অধিক সৈন্য প্রেরণ করা, অস্ত প্রেরণ করা, এবংকে আমাদের লক্ষ্য রাখা আলু প্রয়োজন হয়েছে। এ বিষয়ে সরকার ঘেন তৎপর হন। আরী সরকারকে অন্তর্বেশ জানাচ্ছ বে, দেশে যে পশ্চয় বাহিনীর কার্বকলাপ চলছে সেই বিষয়ে সংবাদপত্রে আমরা দৃঢ়ত্ব পাইছ এবং সরকারের অভিভ্রনে দৃঢ়ই রকমের পশ্চয় বাহিনী আছে বলে বিশ্বাস করবার কারণ আছে এবং সরকার ঘেন সে বিষয়ে সতর্ক দৃঢ়ত্ব রাখেন। আজ ভারতবাসী তার রক্ত, পরিশ্রম এবং বেদনায় বে ইতিহাস রচনা করেছে সেই ইতিহাস চিরকলাই ভবিষ্যতের ইতিহাসে উজ্জ্বল স্থান অধিকার করে থাকবে এবং ভবিষ্যৎক জ্ঞানের যে, ভারতবর্ষ শক্তির কাছে পদানন্ত হয়নি এবং ভারতের প্রধানমন্ত্রী যে কথা বলেছিলেন উচ্চ মাধ্য করে চল, শক্তির কাছে মাধ্য নত কোরোনা, সে কথা ভারতবাসী রক্ত দিয়ে প্রমাণ করবে।

Shri Nathaniel Murmu:

যিঃ ডেপুটী স্পিকার, স্যার, আজকে এই বিধানসভার মাননীয় সদস্য শ্রীপ্রতাপবাবু, বে প্রস্তাবিতা এনেছেন, আরী সর্বপ্রথমে সেটার প্রতি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছ, এবং এই সমর্থন জানাতে গিয়ে সংকেপে কিছু কথা আরী বলতে চাই। চীনের বর্বরোচিত যে আক্ষণণ, এই আক্ষণণের নিম্ন করে অধিকাশ সদস্য বৃক্ষতা করেছে। সে সম্পর্কে ন্তন কিছু বললে সেটা প্রমুক্ত করা হবে—তাঁদের সেগু আরী একত্র। বিষেব একটা দিক সম্পর্কে সদসায়ের দৃঢ়ত্ব আপনার মাধ্যমে আকর্ষণ করবো। সেটা হচ্ছে, সম্প্রতি মুখ্যমন্ত্রীদের একটা সম্মেলন শিল্পাতে হয়েছিল এবং তাতে একটা সিদ্ধান্ত নেয়া হয়েছিল বে, সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে রাজপর্বারের প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হবে। সেই ব্যবস্থাটা বাংলাদেশে কতদুর হয়েছে, কি হয়নি, তা আরী ঠিক জানি না, কিন্তু যাতে তাড়াতাড়ি হয় সেই ব্যবস্থা করা সরকার। এর আগে সরকার থেকে ঘোষণা করা হয়েছে যে, উত্তর বাংলার ডিনটি জেলাতে বাধাতাম্বলক সার্বারিক শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু আরী কিছুটা অবাক হয়ে থাই, বাংলাদেশের উত্তর থেকে দর্শকণ সীমানা পর্যন্ত বেখানে একটা বিদেশী রাজা পড়ে রয়েছে পার্কিংতানের সেগু চীনের একটা দহরম মহরম চলছে, তাতে আমরা সম্পত্তাবে এটা আশঙ্কা করাই বে, চীনের সেগু বাদের দহরম মহরম আছে এবং আমাদের সীমানা বা রয়েছে, সেসম্পর্কে অবিলম্বে সতর্ক হওয়া সরকার। সেটা বাদ আজকে না হয়, তাহলে আমরা দেখবো বেভাবে আমরা দেখাতে মার খেলায়, লাডাকে আর খেলায়—সীমান্তে দাঁড়ি কোনৰিন সেবকক ঘটনা ঘটে, তাহলে দেখাবেন তাই হবে। তাই আবিলম্বে যাতে সমস্ত পশ্চিমবাংলার সকল বাসিন্দাদের নিয়ে একটা সার্বারিক শিক্ষার ব্যবস্থা করা থার্য তার জন্য আরী দাবী জানাচ্ছি। অনলিকে সরকারী প্রয়োজনের সম্পর্কে আমাদের সহবোগী ক্ষাসা, শ্রীস্টুলী দামগুচ্ছ একট, দৃঢ়ত্ব আকর্ষণ করেছিলেন। আমরা লক্ষ করাই বে এগুকে সারা দেশ দেখানে উচ্চেল হয়ে উঠেছে, চীনের এই আক্ষণণে বিক্ৰ হয়ে লোক বেখানে এগুকে আসছে, দেখানে সরকারী কর্মচারী অহলে, এগুকে উচ্চ সরকারী কর্মচারী মহলে এখন দেখা থাকে, খবরের কাণেও আমরা দেখেছি বে, আমাদের ঘৃণ্যমন্ত্রীর বিনিন একান্ত সারিং, আজকে চীনে এই দৃঢ়ত্বে ছাটী নিয়ে রৈয়ায়ে জে গেছেন—এর চেয়ে লজার বিবর বাংলাদেশের লোকের কথে আর কি হচ্ছে পারে? সে আমরা চিন্তা করতে পারি না। আজকে মুখ্যমন্ত্রীর কাণে তাই জ্ঞান্যা আসতে চাই বে, এইবকজ একটা সম্প্রতি সময় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর একান্ত সারিং কি করে হচ্ছে প্রেরণ, এবং আজও তিনি বিদেশে কিভাবে হেসে খেলে বেড়াছেন? এই সক্ষা ক্ষিতিয়ে আমরু ঝুঁকবো সেই জ্ঞান্যা আমরা এখানে চাই এবং আরী কাণবো যাতে কেন সরকারী

কর্মচারীর বেলনকর নির্জন হেন না থাকে। সরকারের উচ্চ কর্মচারী মহলে বাই এভাবে ছাঁটী দিয়ে নীজের সংগৃত করা হয়, তাহলে নীচের তলায় সরকারী কর্মচারীদের মধ্যে নিশ্চয়ই শৈলীবিধি দেখা যাবে। অনাধিকরে, আজকের বক্তৃতার একটা ঘটনা আমরা দেখেছি—একথার ফেরে বক্তৃতা দিয়ে আমরা দেন আমাদের দারাট সারাংশ, কিন্তু বক্তৃতার তলে তলে আমরা অনেক পিছিয়ে পড়ে আছি। বিগত ঘৃহযুগের একটা নিজির আমরা জানি—বিশ্বব্যবস্থের সরবর আমরা দেখতাম মুক্তভেট, হিটলার দৈনিক বক্তৃতা দিতেন, চার্টচেল সাহেবও বক্তৃতা দিতেন, কিন্তু একটা লোক কোনদিন বক্তৃতা দেননি, তিনি হলেন স্ট্যানলি। সাংবাদিকরা জিজ্ঞাসা করেছিলেন, হিটলার, মুক্তভেট, দৈনিক বক্তৃতা করেন, কিন্তু আপনি করেন না। তাতে তিনি উত্তর দিয়েছিলেন যে, বক্তৃতার আগাম কোন প্রয়োজন নেই, কারণ আমাদের মেশের প্রতিটি লোক জানে বে, কি করণীয় এবং এই সহজে তাদের সেইভাবেই শিক্ষিত করা হয়েছে। আজকে বাইস প্রতিভক্ত ব্যবস্থা গঠড় তোলার কাজ দেরী হয়ে গেছে, তা সত্ত্বেও বাংলাদেশের বিধানসভার একজন সদস্য হিসাবে আমি দাবী জানাইছি যে, বাধ্যতামূলক সামরিক শিক্ষা আজকে সমস্ত অঙ্গে যাতে অবিলম্বে চাল, করা হায় এবং অসহায়ভাবে ইষ্টার্ডে বাতে আমরা মার না থাই, তার ব্যবস্থা করা দরকার। আমাদের স্বাধীনতা সার্বভৌমত আজকে বিপন্ন। এই সময় যে প্রস্তাবটা গৃহীত হতে চলেছে, বিমোচিতার কিছু কিছু কথা তার মধ্যে থাকলেও, আমরা দেভাবে আজকে করেছিলাম, বিধানসভার বিমোচীদলের সদস্যরা—পার্লামেন্টে দেভাবে সর্বসম্মতভাবে প্রস্তাবটা এসেছিল, আমরা আশা করেছিলাম বাংলাদেশের যে মহান প্রতিভা রয়েছে, বাংলাদেশের যারা গুরুতে আসান, সেই কংগ্রেসদলের পক্ষ থেকে সেইরকম প্রস্তাব আসবে। একটি ক্ষেত্র থেকে গোল আমাদের মনে নিশ্চয়ই সেই প্রস্তাব হয়েন। তব্বি একটি ব্যক্তির স্বার্থের জন্য, মহান অগ্রগতির জন্য, মেশের অধ্যক্ষতা এবং সার্ভ-ভৌমত রক্ষা করার জন্য আমরা আর এস পি পলের তরফ থেকে এই প্রস্তাবটাকে সমর্থন জানাইছি এবং এখনকার সকল দলকে আবেদন জানাই, এই প্রস্তাবটা বাতে সর্বসম্মত প্রস্তাব হয়, তার জন্য আমরা দেন চেষ্টা করি।

[2-10—2-20 p.m.]

Shrimati Bina Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় সদস্য ডেটার প্রতাপচন্দ্র যে প্রস্তাব এখানে এনেছেন, সেই প্রস্তাব আমি সর্বান্বকরণে সমর্থন করবার জন্য উত্তোলিত। তার আগে আমি দ্বি-একটা কথা আপনার কাছে বলতে চাই।

প্রথম কথা হচ্ছে, আজকে চীন ভারত আক্রমণ করেছে। স্মৃত হিমালয়-থে হিমালয়ের কোন কল্পক ছিল না, যে হিমালয় স্মৃতি-কাল ধরে ভারতের সম্মতনগকে রক্ষা করছে, সেই হিমালয়কে আজ চীন সৈন্য আক্রমণ করেছে। চীন সৈন্যকে দেরকম করে হোক ভারত মায়ের প্রণার্থী থেকে তাড়িয়ে নিয়ে দেবে হয়েই। সেক্ষে চিন্তা করবার জন্য, ভাববার জন্য, সেই কাজে যাতে কোন বাধা-বিষয় না আসে, তার জন্য আজকে এই সভার যে প্রস্তাব চল্প মহাশয় এনেছেন, তা সমর্থন করার জন্য দে নীতি, পার্শ্বত নেহরু, যে স্মৃতিচিত্ত নীতি নিয়ে এসোছিলেন প্রার্থবীর যাক্ষণে, তার নিশান উড়েছিল, চার্টারদলকে একথা প্রতিধ্বনিত হয়েছিল যে, আমরা শার্লিত প্রতিষ্ঠা করবো, প্রার্থবী থেকে ব্যুৎ তাড়িয়ে দেব। এই কথাই প্রতিধ্বনিত হয়েছিল যে, আমরা প্রার্থবীর শার্লিত চাই, সেই পঞ্জশীলের নীতির উপর আধাত দিয়েছে এই চীন, আজ এই ব্যুৎ হচ্ছে অন্যান্য ব্যুৎ। ন্যায়-অন্যান্য দ্বোতো জিনিস সামনে রয়েছে। ভারতবর্দ্ধ ন্যায়বৃত্ত হাতে নিয়ে এগিয়ে চলেছে। চীন সাম্রাজ্যবাদী, এসেছে আক্রমণ করতে অন্যান্য ভাবে। তোই অন্যান্যকে প্রতিরোধ করবার জন্য আজকে আমরা এসিয়ে চলেছি। এই ব্যুৎ হচ্ছে আমাদের ধর্মব্যুৎ। আজ সকলে আমাদের প্রেসিডেন্ট মহাশয় বলেছেন, এই ব্যুৎ হচ্ছে আমাদের ধর্মব্যুৎ। ধর্মব্যুৎ কোনকালে হার নাই, প্রজাতর নাই।

বেসরক্ত ভারতসামাজিক সম্মতি চীনের বাবী মিমে দ্বারে বেড়িয়েছিল ভারতের ব্যক্তি— চীন তার লোক চীন তার কাজ করে, যারা বড় গলায় শ্র্দ্ধালোহিতে, ভারতের মত অন্যান্যদের সামনে

হাঁড়িরে দিবোছিলেন। জোড়িবাবু কথা বলেছেন তাঁর বৃহত্তার, কোরিয়া বলকে বোগ দিমেছে; ভাগতবর্ষ কি কোন ব্লকে বেগ দিমেছে? আমি টেন্ডারে জিজ্ঞাসা করি, আজ ভাগতের নিরপেক্ষ নীচীতি নিজেদের মাহুর্ধূষি রাক্ষা করবার জন্য এগিয়ে চলেছে কোন্ বৃক্ষে? নাকি, না, অনামের বৃক্ষে? কোন্ কথা জোড়িবাবুর ব্লক বলেছে? একবা জিজ্ঞাসা করবো। নরম সূর্যে ঘিসেস ইলা যিত বলেছেন সংহারিত কথা, তাঁর চাঁচা সূর্য চলে গেছে। ভাগত সন্তানকে করবা শিখিয়েছিল গত দশ বছর থেকে—এ আজাদী কুণ্ঠা হ্যায়, এ আজাদী কুণ্ঠা হ্যায়, আমি জিজ্ঞাসা করবো—সলে সলে পিছিলের সামনে ছেলেয়েয়েদের এগিয়ে দিয়ে পালিয়ে গিয়েছিলেন ভুক্ত কথা? বাবা এতদিন বলে এসেছেন—এ আজাদী কুণ্ঠা হ্যায়, এ আজাদী কুণ্ঠা হ্যায়, আজ তাঁরই আবার জাতির সংহারিত কথা শেখাতে আসছেন, বাদের প্রধানমন্ত্রী হচ্ছেন পার্টিত নেহরু, বাদের প্রেসিডেন্ট হচ্ছেন রাষ্ট্রপতি, যাদের কাছে সমস্ত প্রতীবৰ্তী অবলম্বিত স্বীকার করে। আজকে তাঁরা নীচীতির কথা শোনাতে এসেছে; বাদের বাইরে জনতার কাছে বাবার জারিগ নাই। তাঁরা কোথায় দেশের দ্রুতিনে এগিয়ে এসে সাহায্য করবেন না, ধ্যা তুলে জনসাধারণকে ভুল ব্রহ্মবাবার ঢেক্টা করছেন, তাঁরা কারখানার-কারখানার গিয়ে নিজেদের স্পৃষ্টি দেখাবার জন্য চারিদিকে লাগিয়ে দিয়েছে, গুণ্ডার্ম থাতে করে একটা গুণ্ডগোল হয়ে যাব। তাহলে চৌনের কাণে দেখিয়ে দিতে পারবে। তাঁদের বল, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেই নীচীতি রোধ করে সমস্ত কিছু কেড়ে করে দিয়েছেন তাঁর সুর্চিন্দ্রিত কর্মপর্ণায়। আজ নীচীতির কথা চলবে না, কোন প্রশ্নের কথা চলবে না, আজ ন্যায়ের কথা, অনামের কথা চলবে, এ বৃক্ষ কুরুক্ষেত্রের বৃক্ষ, আজ প্রকোর কথা কেন নিয়ে আসছেন? আজকে সেবকার এই কথা বলতে চাই।

প্রাতাপচন্দ মহাশয় বে প্রস্তাব করেছেন, তাঁর বিবৃত্যে কেউ থাবে বলে আমার মনে হয় না। আজ বিবীভূত বেগ এগিয়ে এসেছে আমাদের সাহায্য করবার জন্য। বাবা এগিয়ে এসেছে, তাদের সবাইকে আমির আমার ধনবাব জানাই সর্বান্তকরণে, অভিনন্দন জানাই প্রতাপবাবুর এই প্রস্তাব আমি সর্বান্তকরণে সমর্থন করি। এই বলে আমার বন্ধু শেষ করলাম। জয়হিন্দ।

Shri Monoranjan Bakshi:

মালবীর উপাধাক মহাশয়, আজকে আমরা অত্যাঙ্গ সংকটপূর্ণ মৃহুতে এই সভার সমবেত হয়েছি। বৰ্বর কীর্মিনিট চীন কর্তৃক ভারত আক্রান্ত হয়েছে। মহাভাগতের মহান সেনাপাতি শীঝুওহুলাল নেহরু, যে প্রস্তাব পার্লামেন্টে নিয়ে এসেছেন তাঁর সঙ্গে স্বৰ মিলিয়ে আমাদের প্রয়ের সদস্য ডাঃ চৰ্প যে প্রস্তাব উৎপাদন করেছেন, সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করিছি। অত্যাঙ্গ দ্রুতিযুদ্ধে আজ এই কথা বলতে যাবা হচ্ছে যে, আজকে এই কীর্মিনিট চীন ভারত আক্রমণ করেছে। কিন্তু আমরা জানি এই চীনের প্রধানমন্ত্রী চাও-এন-লাই বাল্দ-সঞ্চেলনে শুধু যে সহ-অবস্থানের কথা বলেছিলেন তা নহ, তাঁর বহু প্রবে ভাগতবর্ষ বধন পরাধীন হিল, তখন হাইপ্যুন কংগ্রেসে প্রেসিডেন্ট স্বত্বাবল্পন বস্তু ছিলেন, সেই সময় চারজন ভারতীয় বিপিন্দি চিকিসকের নেতৃত্বে এক মেডিকেল মিশন মহাচীনের প্রাচী সংগ্রামে বেগ দেবার জন্য তৎকালীন চীনের যে বিধাত অষ্টম বৃট বাহিনী, তাকে সাহায্য করতে গিয়েছিল। তারপর দেখলাম আমাদের স্বাধীন ভাগতের মহান নেতৃ শীঝুওহুলাল নেহরুর আহরণে এই চীনের প্রধানমন্ত্রী ভাগতবর্ষে এসেছিলেন এবং সহ-অবস্থানের কথা বলেছিলেন। আমরা এও জানি তিনি শাস্ত্রিকভাবে গিয়েছিলেন। চীনে প্রধানমন্ত্রী এই চাও-এন-লাই সেখানে গিয়ে প্রতিবেদন আসেন্ট উসার্সাইত হয়ে যাল্লো-ন্তা করেছিলেন। আমার মনে হয় নেতৃত্বে তাঁরা, তাঁদের তিনি হয়ত এই কথা জেবে-হিলেন—বেরন ডানকানকে হত্যা করবার জন্য মাকবেহ আক্ষেপে দিকে তাঁকিয়ে বলেছিলেন,

"Stars, hide your fires: Let not light see my black and deep desires".

আমার মনে হয় সেই বৰ্বর কীর্মিনিট চীনের প্রধানমন্ত্রী ন্যূতোর তাঁদের তালে জেবেহিলেন লেট সেট লাইট সি মাই শ্যাক এন্ড তিপ ডিজার্স। আজকে তাঁরই প্রাতিষ্ঠান আজরা তোল করিছি।

মালবীর উপাধাক মহাশয়, আপনার মাথায়ে আমরা শব্দী করাই বৈ, বিদ্যুতাগতী থেকে এই বৰ্বর চীনের প্রধানমন্ত্রীকে "প্রীপিকেবু" বলে যে টাইটেল দেওয়া হয়েছিল, আজ তা প্রত্যাহার করা হচ্ছে কুণ্ঠ কুণ্ঠ হিল শিমি শাস্ত্রিয়িক ভাগতের এক মহাশয়।

[2-20-2-30 p.m.]

আমনীয়ের উপাধিমহাশয়, একটা কথা বলাই যে, আজও পর্যন্ত ভারতবর্ষে শিল্পটারী দৌনি বা সামাজিক শিক্ষা কল্পনাসূরি হয়নি। আমরা জানি বটেনে ক্ষমতাবেলের আমলে বখন শৃঙ্খ দেখা দিয়েছিল, তখন সেখানকার কাবরা ছাত্রদের উদ্দেশ্য করে বলোঁছিলেন

"It is time to throw the books into the dust and use the unused armour's rust."

আমার মনে হয় আজ সেইসময় এসেছে, বখন শৃঙ্খ মাধ্যমিক বিদ্যালয় নয় আজ প্রাথমিক বিদ্যালয় থেকে আস্তম্ভ করে মাধ্যমিক বিদ্যালয় পর্যন্ত সর্বত্ত সমাজিক কুকুরাওজ শিক্ষা দেওয়া হোক। অর্থাৎ দেহন করে অন্যান্য অক্ষে, বাংলা শিক্ষা দেওয়া উচিত, তেমনি করে ক্লাস করা হোক সামাজিক শিক্ষার জন্য। আর একটা কথা জানাইছি যে, এই ঘণ্টের হিডিকে কিছু মুনাফাবাজী, কিছু কালোবাজারী, কিছু মতলববাজী মাঝে ঢাঢ়া দিচ্ছে, ওদের হাত থেকে দেশকে বাঁচান দরকার। কোনও প্রাচীরের পর্যবেক্ষণ দিকে আগন্তুন গালগে প্ৰবীণিক দিয়ে ডাকাত ঢাকে। উন্তু ভারতে সেই একই অবস্থা দেখা দিয়েছে। সেজন্য আজ ভারতবর্ষের প্ৰাৰ্ব্ব, পশ্চিম, দক্ষিণ ইতাবাদ সমষ্টি দিকই দেখা দুরকার, যে, কোন শৃঙ্খ প্ৰবেশ কৰতে না পাবে। আমার মনে হয় যে, দেশের বারা পক্ষে বাহিনী তাদের দিকে লক্ষ রাখা দুরকার। জাপনের মত মন্ত হবে নো দাই এনিমি। আজকে আমাদেরও সেই মুলমূল হবে নো দাই এনিমি। সশে সশে একথা আপনার মাধ্যমে জানাইছি যে, ইতিপৰ্ব্বে আমার প্রধের সদস্য শ্রীবিভূতি মিত বলেছেন যে, এই শৃঙ্খ কুৰক্কেত ঘৃঙ্খ। আমি বিশ্বাস কৰি এই শৃঙ্খ কুৰক্কেত ঘৃঙ্খ—দেহন করে আমরা এখন সুখভোগ কৰিব কিম্বা স্বগে চলে বাবো, ঘৃঙ্খে জীৱন বিসর্জন দিয়ে আজকে ভারতবর্ষের প্রতোকটি ঘৰক-এয় আ-বোনের পক্ষ থেকে এই আওয়াজ উঠেছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ কৰাই।

Dr. Ranjit Kumar Choudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৭ সালের পর পশ্চিমবঙ্গ বিধানসভায় এতবড় গুৱাপূৰ্ণ প্রস্তাব আৱ আসেনি। লাল চৈন ভারতবৰ্ষ আকৃষণ কৰেছে—লাল চৈন বললেই হথেষ্ট বৰ্ষৰ বলবাৰ প্ৰয়োজন হয় না, বিশ্বাসভূতক বলবাৰ প্ৰয়োজন হয় না। স্বত্ত্বাৰ্থ ভারতবৰ্ষ সমাজবাদ ভারতবৰ্ষই বোৰায়, বলবাৰ প্ৰয়োজন হয় না, শাস্তিবাদী ভারতবৰ্ষই বোৰায়, বলবাৰ প্ৰয়োজন হয় না। আজকে এই গুৱাপূৰ্ণ প্রস্তাব শৃঙ্খ গৃহণ কৰলেই আমার প্ৰস্তাব শেষ হবে না। আমি মনে কৰি এই প্ৰস্তাব গৃহণের সশে সশে এই সম্ভলপ আমাদেৱ গৃহণ কৰতে হবে যে, প্ৰস্তাবৰ প্ৰতিটো সংজ্ঞা নয়, প্ৰতিটো সিলেবলকে আমরা কাৰ্য রংপূৰ্ণত কৰিব। আজকে এই প্ৰস্তাবকে সহৰ্দন জানিবলৈ জাতীয় সংহতি সম্বন্ধে ২। ১টা কথা বলব। জাতীয় সংহতিৰ প্ৰশ্নে কৰ্মউনিস্ট পার্টিৰে বাদ দিয়ে আমাদেৱ জাতীয় সংহতি কৰতে হবে—এতে কোন বিদ্যা নেই, কোন সক্ষেত্ৰ নেই। তাৰ কাৰণ হচ্ছে যে, দেহন কাঠালেৱ আমসষ্ট সোনাৰ পাথৰ বাটিতে ধাওৱা বাবো না, তেৰুন কৰ্মউনিস্ট পার্টি কখনও জাতীয়তা-ধাৰণী হয় না। স্বত্ত্বাৰ্থ আমাদেৱ জাতীয় সংহতিৰ প্ৰশ্নে আজকে কৰ্মউনিস্ট পার্টিৰে বাদ দিলৈ জাতীয় সংহতি হবে এই নৰ্নািততে আমি বিশ্বাস কৰিব। আমি চৰকিঙ্কসক। আপনারা জানিন হাড় ডেল্পে গেলে শাস্তিৰ কৰা হয় তাতে বাদ শাস্তিৰেত গুৰুৱা থাকে একটা বেল্লেজ থাকে এবং জল থাকে, বখন শাস্তিৰ হয়ে বাবো, অৱগালাইজ হয়, ইনষ্টিগেশেন হয়, তাৰে ভালো বাবো না, সাবোল লাগে, কুড়জ লাগে, তাতে বাদ চাৰিটি মাটি কেলে দেৱ তাতে একটু আঠালো বা অৱো দেন শাস্তিৰ জন্মবে না, স্বত্ত্বাৰ্থ আজকে ভারতেৰ সংহতিৰ দে প্ৰশ্ন, বেথাবে জাতীয় সংহতিৰ প্ৰশ্ন, আমাৰ ধাৰণা এই বিশ্বাসবাদক কৰ্মউনিস্টৰা থাকলৈ, ব্ৰহ্মৰ দল থাকলৈ, সংহতি বাহত হবে। আপনারা জলপাইগুড়িৰ কথা শুনেছেন, স্কুলবৰ্ষেৰ কথা শুনেছেন, কিন্তু যে কথা বলেতে সক্ষম আমাৰ ধাৰণা নৰ্বা হয়ে বাবো বাগলাদেৱ কথা আপনামা শুনেছেন, আমি বাগলাদেৱ আসল বটনা কি, নেই কথাই কলবো, একথা মনে কৰলেৱ না যে, বাগলাদেৱ বটনা বিজিব জল-

পাইগুড়ির সঙ্গে, স্কুলবিদের সঙ্গে বাগনানের ঘটনা ওভিয়েত ভাবে জড়িত, বাগনান শুধু বেনিয়োভস্ক তা নয়, বাগনান ওদের টেস্ট কেইস ওরা ভেবেছিলেন সেই কথা মনে পড়ে, 'এলোমেলো' করে দে মা লুটেগুটে খাই' ভেবেছিলেন, সীমান্তে চীনা আক্রমণ করেছে আমরা ভেতরে গভৰ্ণেল করবো সেই চীন আমাদের হাতে শক্তি দিয়ে চলে বাবে। অর্থের দল, ভূলে পেছে যে, শক্তি এখানে পার্সিত জওহরলাল নেহেরু হাতে নয়, শক্তি এখানে সীমানার মুখ্যমন্ত্রী প্রফ্যালন্স সেনের হাতে নয়, শক্তি এখানে ৪৪ কোটি ড্রাইলেন্স হাতে। তাদের হাত থেকে শক্তি কেডে নেওয়া যাব না, একথা বোঝাবার মত ব্যুৎপ্ত করে কবে হবে আমার জানা নেই। আপনাদের বাগনানের কথা বলি যে, চাকুরের কথা আপনারা শুনেছেন। চাকুরে ঘটনা ঘটবার আগে চাকুরের পার্সিত অঙ্গে যে অপচেষ্টা হয়েছিল, সেখানে জনসাধারণের চাপে তারা সাহস করেন নি। শুধুমাত্র পেছন থেকে ইঁশপ্ত করেছেন। চারাটি স্কুলের ছাত্র আর তার সঙ্গে একটি পশ্চম বাহিনীর নেতা এই ৫ জনে মিলে যে ঘৃণ কাজ করেছে, আর্মি জানিস সে কথা বলেন আপনার দেশপ্রেমিক সদস্যবৰ্ম্ম তাদের সমস্ত দৈর্ঘ্য, সমস্ত সংযোগের বাধ ডেক্সবেন, শুনলে আপনারা অশুর্য হবেন, যেখানে সীমান্তে রঞ্জ পিপাসু, চীন মারের রঞ্জ শুধু যাব, বখন রঞ্জ পিপাসু, চীন মারের মাস টকরো টকরো করে থাকে, তখন এদের রঞ্জ টগবগ্র, করে ফুটে ওঠা দূরে থাক, এরা কি করেছে শুধুন, পার্সিতজীর গলায় জুতো এবং ষুটের ঘড়েরে মালা ঝুলিয়ে দিয়েছিলেন এবং সেখানে একটা কাগজ ঝুলিয়ে দেওয়া হয়েছিল, শুনলে আপনারা প্রতিষ্ঠিত হবেন যে, সেখানে দেখা ছিল তিনটা কথা, আমার কথা মিলিয়ে নেবেন, যে কাগজ আছে পুর্ণসের কার্টোভিতে, প্রথম কথা হচ্ছে, 'চৌ-এন-লাই জিস্বাবাদ'। চৌ-এন-লাই স্বাগত, বিত্তীয় কথা হচ্ছে নেহেরুর গলায় জুতোর মালা তৃতীয় কথা হচ্ছে, কার্মাউনিস্ট পার্টি জিস্বাবাদ, আর্মি লজ্জার সঙ্গে, দৃঢ়ত্বের সঙ্গে, কেডের সাথে দেখো যে, কার্মাউনিস্ট পার্টির বখ্দের কাছ থেকে, প্রতিবাদ [নয়েজ] যাবা করতে চাইছেন, আর্মি তাদের আহবন জানাইছ, স্যার, এদের চারিত্বে নেতৃত্বক বলের কিছুমাত্র বিদ্যমান র্যাদি থাকে, তাদের শিরপাড়ার একখানা হাড়কেও এই চীন-চীন, ব্যায়াম স্পেয়ার করে থাকেন, র্যাদি তারা চীনের জুতো চাটা না হন, তাদের আহবন জানাইছ, তারা বাগনানের দৃকে এসে প্রতিবাদ জানিয়ে জান। আর্মি জানিস বিধানসভার বিধানসভায়ের ভেতর থেকে বিধানসভায় প্রতিবাদ করা সোজা, শুধু তাই নয়, আপনারা দেখুন তার পরেও ওরা হাল্ডিবিল দিয়েছেন, যে হ্যান্ডবিল কোন প্রেসের নাম দেখা নেই। যাবা অন্ধকারে শেষাল কুকুরের মত ঝুরে বেড়ান, সেই রাতের অন্ধকারে এ হাল্ডিবিল বিলি করা হয়, তাতে দেখা আছে, চীনের আচরণ সম্পর্কে কার্মাউনিস্ট নীতির সমর্থনে জোরের সঙ্গে কিছু বলা বিপদজনক হয়ে আউঠে। এই যাদের মেজিলিউসন এই যাদের একজিকিউসন এরা একথা বলতে চাইছেন যে, আর র্যাদি বিপদজনক না হত, তাহলে চীনের নীতি সম্পর্কে জোর করে কিছু বলা বেত। এখানে একজন ভদ্রলোক থাকেন, যিনি তার টি. বি. সারানর জন্যে চীনে গিয়েছিলেন, তিনি বলেছেন এখানে সক্ষা করে এই ঘটনা প্রকাশ করা হচ্ছে যে, আমরা সকলে ১ সপ্তাহ ধারে গ্রামে ছিলাম না, সম্পর্ক অসত্ত পুর্ণসের কাহে খোজ করে দেখুন। শুধুয়ার যে ঘটনা শুধু, করা হয়েছে, পুনৰ্বায় দিন আমাদের প্রধানমন্ত্রীর কৃশ্ণপুরিকা দাহ করা হয়েছে, পুনৰ্বায় দিন সম্পৰ্ক সকলেবো এ ভুগ্রোক গ্রাম পরিভ্যাগ করেছেন, আর্মি বা বলাই, তা অক্ষরে অক্ষরে সত্য কিনা পুর্ণসের খাতার গিয়ে দেখুন।

[2-30—2-40 p.m.]

স্তরার আর্মি একথা বলব যে, প্রতিবাদ বাবি করতে হব তাহলে বাগনানে গিরে প্রতিবাদ করুন। বাবি কোরের জোর থাকে তাহলে তাঁদের নেতা জোতিভস্কে আর্মি আহবন জানাই, বাগনানে বেকে। বাগনান তাঁর জানা আছে এবং বাগনান তাঁর দৃকে একটা করেনারী প্রভাসিসের মত এট প্রচ করুন গত ৪ বছ বাবি। আর্মি আর একথা কথা বলতে চাই যে, মালনীর সদস্য বলেছেন দেশের মধ্যে আলোড়ন, আবেগ, তাতে আর্মি প্রস্তু করি এই আলোড়ন ও আবেগকে যাবা বাধাপ্রাপ্ত করুন এবং পার্সিত নেহেরুর কথামত সেই যদিন যা মনোবলকে যাবা বাধাপ্রাপ্ত করুন, তাদের সম্পর্কে আমরা কি নীতি হচ্ছ কৰব? আজকে তিনি আমাদের করবেন, পার্সিত নেহেরুর কথা মালতে, নেতৃত্ব আবেগ মালতে। বাবি নেতৃত্ব আবেগ আমরা না মালতাম, বাবি সংবত না হতাম, তাহলে চীন প্রেমিকে, চীনের এই উপর্যোগীর দল বাগনানেরে কিভব করতে পারবেন না। আমরা সংবত হয়েই, সেইজন্য বাগনানেরের বাপ থেকে আমরা তাদের মৃছে দেইন, আমরা সংবত হয়েই সেইজন্য আবেগ পর্যন্ত এই ধরনের পোকোর, এই ধরনের হ্যান্ডবিল দেওয়া হচ্ছে। স্তরার

কার্মিউনিস্ট ভূমিকের অভ্যর্থনা করব, তাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেব বে কাকে ঘলে স্বত্ত
হওয়া, কাকে ঘলে নেতার মাছেড় মানা এবং সেটা আপনারা আমাদের কাছ থেকে শির্খন। আমরা
এই মাস্টেট মানি না। ২৩-১০-৬২ তারিখে আপনাদের নেতা মাননীয় জ্যোতি বসু ঘৰেছেন,
“আমাদের সকল কর্মিউনিস্ট পার্টি সেক্রেটারিয়েটের সিদ্ধান্ত মানতে বাধা।” ২৪-১০-৬২ তারিখে
ঘৰেছেন, “বেসর রাজ্য পরিবাস সমর্থন করোন, তার মধ্যে পশ্চিমবাংলা অন্যত্ব।”। আরি
আনন্দবাজারের কথা বলব না কারণ, মাননীয় জ্যোতি বসুর আনন্দবাজারের উপর একটা ফোরিয়া
আছে। তাই আমি ব্রাগ্মত্তর থেকে বলছি, আপনারা দেখুন ২৪-১০-৬২ তারিখে ব্রাগ্মত্তর
ঘৰেছেন, “পার্টিচম্বলের রাজ্য কর্মিউনিস্ট পার্টির সম্পদকের নিয়ন্ত্রণ প্রচারকাৰ—কর্মিউনিস্ট
চৈন ভাৰত আক্ৰমণ কৰে নাই।” ৩০-১০-৬২ তারিখে জ্যোতি বসুৰ বৃত্তান্ত উপৰ ব্রাগ্মত্তর
ঘৰেছে, “এখনও চৈনকে আক্ৰমণকাৰী বলিলতে নারাজ—শ্ৰীজোতি বসুৰ বিবৰণিততে আক্ৰমণকাৰী ও
আক্ৰমণ সম্পর্কীয়ভূত।” এই মানেন কেন্দ্ৰে নিৰ্দেশ। এৱা মনে কৰেছে আমৰা যাবা দেশ-
প্ৰেমিক দেশেৰ জন সৰ্বস্য দিতে প্ৰস্তুত আৰু, আমৰা ওদেৱ মত চলব, অৰ্ধাং মূল্য মে কথা
বলব কাজে সেটা কৰব না। আমৰা যেনেন যাব কৰি তেমন কাজ কৰা। আমৰা মনে পড়ে প্ৰতাপ-
বাবু বলেছেন এই সান্মে বলেন আগলাও আৱ পেছেন এসে আবাত কৰেন। তাৰপৰ, চৌ-এন-
লাই-এৰ “চৌ” কথাটা বাদ দিলে পুৱোটাই লাই, কাজেই তাৰ সঙ্গে যাবা মিশেছে তাদেৱও এই
একই অক্ষম্য। তাৰা জীৱনে কখনও সত্তা কথা বলবে না এবং সত্তা এই কখনও স্বীকাৰ কৰোন।
এই কথা বলে আমি আমৰাৰ বন্ধুৰ শ্ৰেষ্ঠ কৰছি।

Shri Panchu Copal Bhaduri:

মি: স্পীকাৰ, সার, সব প্ৰথম আজকেৰ দ্বি বিশেষ অবস্থা, আমাদেৱ ফ্ৰন্টেৰ সৈনাবাহিনীকে ওয়ালং
পৰিতাগ কৰতে হচ্ছে এবং তাৰ মধ্যে দিয়ে সমস্ত ভাৰতবৰ্ষেৰ মধ্যে কৰ্মিউনিজমেৰ আদৰ্শেৰ দ্বি
বিপন্ন উপায়ত্ব হয়েছে, তাৰ জন আমি কৰ্মিউনিস্ট হিসেবে বিশেষ কৰে কৃত্য এবং ভাৰতবাসী
হিসেবে আমাদেৱ এই নায় ব্যৰ্থে যে ক্ষয় হবে এসম্বন্ধে আমাৰ কোন সন্দেহ নাই, এবং কোন-
পিনই ছিল না। নায় ব্যৰ্থ এবং অন্যায় ব্যৰ্থ এটাকে দুই ভাগে ভাগ কৰে কৰ্মিউনিস্টৰা তাৰ
সমৰ্থক বা সমৰ্থক নয়, এটাকে বাদ দিয়ে আমাদেৱ মাড়োৰ্ম বখন আক্ৰমণ হয়েছে, তখন সেই
আক্ৰমণকাৰীৰ বিৱৰণ আমাদেৱ ব্যৰ্থ নিশ্চয়ই নায় ব্যৰ্থ। এটা আমি বিশ্বাস কৰি দৈ, এই
ব্যৰ্থেৰ প্ৰথম স্তৰে আমাদেৱ শার্টস্ট্ৰীপৰ গণতান্ত্ৰিক দেশ প্ৰথমে ব্যৰ্থেৰ জন অপ্ৰস্তুত ছিল ঘলে
ৱিভাৰ্স আমাদেৱ হতে পাৰে, কিছু কিছু ব্যাটেলস-এ আমাদেৱ পৰাজয় হতে পাৰে। কিন্তু
শেষপৰ্যন্ত জয় আমাদেৱ অনিবার্য, এই আক্রমণিক কামনা আমি পাঠিয়ে দিতে চাই ফ্ৰন্টে তাদেৱ
কাছে, যাবা এই শৰ্তেৰ মধ্যে, দুঃখ পাহাড় অগ্নে ব্যৰ্থ কৰাব। আৰু আৱ একটা স্তৰেৰ আমাদেৱ
অভিযোগেৰ অভিযোগে আমাদেৱ ব্যৰ্থ কৰে দৈ হয় না—সেখানে নীৰ্ণত
এবং ট্ৰেইডিক মূল্যবৰ্ধনেৰ দিক থেকে ক্ষয় হবে। আমাৰ যান আছে কিছু দিন আগে সমাজতান্ত্ৰিক
শলেৰ এক সত্তা থেকে শ্ৰীঅলোক মেটা অতলত দুৰ্বজনক একটা উত্ত কৰেছিলোন যে ভাৰতবৰ্ষ
সমস্ত বৰ্ষৰ প্ৰথম প্ৰৰ্ব্দ এশীয়াৰ দেশগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে, তাৰ পেছেনে সমৰ্থন নাই।
কিন্তু পশ্চিমত নেহৰু, তাৰ ওয়াৰ আন্দ পিস দোকানৰ তাৰদেৱ সমৰ্থন কৰিয়ে আনলোন এবং
১৭টি অঙ্গো-এশীয়ান দেশ তাৰ ভিতৰ রয়েছে। যিঁ ডেপুটি স্পীকাৰ, আপনি লক্ষা কৰেছেন,
প্ৰেসিডেন্ট নৃস্মা ইংলণ্ডকে বাবল কৰেছিলোন ভাৰতবৰ্ষে অস্ত না পাঠাতে—হাতে ব্যৰ্থ না বৈঁধে
হাব। তাৰপৰ তিনিও অকৃতভাৱে সমৰ্থন জানিবোহেন পশ্চিমত বেহৰত বোৰগাকে বে বোৰগালৰ
তিনি বলেছেন এইটা-সোশ্বেৰ-এৰ সীমাবেধনা নীৰ্ণত লিঙ্গৰ কৰেছেন। এবং আমৰা ভাৰতবৰ্ষেৰ
কৰ্মিউনিস্টৰা যাবা বিশ্বাস কৰি ভাৰতবৰ্ষেৰ ব্যৰ্থকেন্তে কৰ্মিউনিজমেৰ আদৰ্শ ধৰ্মসাং
হয়েছিল সেটাই অন্দৰুত হচ্ছে এবং আমৰা দেখতে পাইছি কৰ্মিউনিজমেৰ আদৰ্শ ধৰ্মসাং
হয়েছে, সেজন্য আৰু অভলত ব্যাকুল, অভলত চিন্তিত। ভাৰতবাসী হিসাবে আৰি মনে কৰি
ভাৰতবৰ্ষেৰ জয় হবেই। কিন্তু কৰ্মিউনিজমেৰ আদৰ্শেৰ উপৰ বে প্ৰচণ্ড কৰি বে আৰাত হচ্ছে,
তা প্ৰকল কৰতে অনেক দৈৰী হবে, সেজন্য আমাদেৱ কোত অনেক বৈশি।

কাৰণ এই দুৰ্বৰ্যোগেৰ মধ্যেও শ্ৰদ্ধমাত্ বেখানে বেগকেন্তে ব্যৰ্থ কৰে দৈ হয় না—সেখানে নীৰ্ণত
এবং ট্ৰেইডিক মূল্যবৰ্ধনেৰ দিক থেকে ক্ষয় হবে। আমাৰ যান আছে কিছু দিন আগে সমাজতান্ত্ৰিক
শলেৰ এক সত্তা থেকে শ্ৰীঅলোক মেটা অতলত দুৰ্বজনক একটা উত্ত কৰেছিলোন যে ভাৰতবৰ্ষ
সমস্ত বৰ্ষৰ প্ৰথম প্ৰৰ্ব্দ এশীয়াৰ দেশগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে, তাৰ পেছেনে সমৰ্থন নাই।
কিন্তু পশ্চিমত নেহৰু, তাৰ ওয়াৰ আন্দ পিস দোকানৰ তাৰদেৱ সমৰ্থন কৰিয়ে আনলোন এবং
১৭টি অঙ্গো-এশীয়ান দেশ তাৰ ভিতৰ রয়েছে। যিঁ ডেপুটি স্পীকাৰ, আপনি লক্ষা কৰেছেন,
প্ৰেসিডেন্ট নৃস্মা ইংলণ্ডকে বাবল কৰেছিলোন ভাৰতবৰ্ষে অস্ত না পাঠাতে—হাতে ব্যৰ্থ না বৈঁধে
হাব। তাৰপৰ তিনিও অকৃতভাৱে সমৰ্থন জানিবোহেন পশ্চিমত বেহৰত বোৰগাকে বে বোৰগালৰ
তিনি বলেছেন এইটা-সোশ্বেৰ-এৰ সীমাবেধনা নীৰ্ণত লিঙ্গৰ কৰেছেন। এবং আমৰা ভাৰতবৰ্ষেৰ
কৰ্মিউনিস্টৰা যাবা বিশ্বাস কৰি ভাৰতবৰ্ষেৰ ব্যৰ্থকেন্তে কৰ্মিউনিজমেৰ আদৰ্শ ধৰ্মসাং
হয়েছিল সেটাই অন্দৰুত হচ্ছে এবং আমৰা দেখতে পাইছি কৰ্মিউনিজমেৰ আদৰ্শ ধৰ্মসাং
হয়েছে, সেজন্য আৰু অভলত ব্যাকুল, অভলত চিন্তিত। ভাৰতবাসী হিসাবে আৰি মনে কৰি
ভাৰতবৰ্ষেৰ জয় হবেই। কিন্তু কৰ্মিউনিজমেৰ আদৰ্শেৰ উপৰ বে প্ৰচণ্ড কৰি বে আৰাত হচ্ছে,
তা প্ৰকল কৰতে অনেক দৈৰী হবে, সেজন্য আমাদেৱ কোত অনেক বৈশি।

বিভিন্ন এখানে বে প্রস্তাব শীঁ চুম্ব উপস্থিত করেছেন, সেই প্রস্তাবের ব্যাবনের মধ্যে কিছু সংগোধনী তিনি নিজেও নিয়েছেন, নিয়ে বেটা দাঁড়িয়ে তাতে আশার সুরক্ষণ করতে কিছুমাত্র আপত্তি নাই। কিন্তু তিনি বাধ্যাত্মক বে বহুত করেছেন সেই ব্যাখ্যামূলক বহুতার বহু আবাগার আমাদের আপত্তি আছে এবং আমি আপা করি, যান্মুরী ডেপুটি প্রিয়ার মহাশয়, এই হাউস সেখানে আমাদের অভিযন্ত মনে করেছেন সেখানে আমাদের বক্তব্য নিশ্চিহ্নভাব সম্পূর্ণ পূর্বে হতে বাধা। এই বক্তব্যের মূল জিনিসের সামাজী করে বলতে গেলে কিছুটা একস্পেসে হতে বাধ। ব্যক্তি ও বক্তব্যের গঠনমূলক দিকটা বাদ দিয়ে তার একটা দিক যেটা ফ্ল্যাটে উচ্চে স্টোর হচ্ছে ভারতের কর্মউনিস্ট পার্টি বিশেষ করে পরিচয়বর্ণণের কর্মউনিস্ট পার্টি'কে প্রায় পশ্চাত্যাবাদী আধ্যা দেওয়া হয়েছে ভারতবর্ষের ব্যক্তে এ গাছ রস সংগ্রহ করে না বিবর্জনের মত, এটা একটা দৃঢ় শুণের মত পরিচয়বর্ণণ হয়ে যাচ্ছে এবং পূর্বে দেখাবার চেষ্টা হয়েছে। নিশ্চিহ্নই এর প্রতিদ্রুত করা দরকার এবং আমি প্রতিবাদ করছি এজনা যে এই বক্তব্যের মধ্য দিয়ে বাইরের জনসাধারণের কাছে উদ্বেজন স্পষ্ট করা হচ্ছে। এতে প্রথমত আমাদের গৃহতাত্ত্বিক সংবিধান লঙ্ঘিত হবার সম্ভাবনা আছে এবং সেই সংবিধানে আমাদের গৃহতাত্ত্বিক দেশের বে প্রতিষ্ঠা আমাদের প্রাপ্তব্যত তা ধৰ্মস্ত হবার সম্ভাবনা আছে। সেজন্ম ফর্ম'এর দিক থেকে এই বক্তব্যকে আপত্তি জনাই।

ଶିଖିତୀର୍ଥଙ୍କ ଆର ଏକଟା ସମ୍ବନ୍ଧୀୟ ଆର୍ମି ଉପଗ୍ରହିତ କରାତେ ଚାଇଛି । ସେଠା ହଜେ ସମ୍ବନ୍ଧ ଭାରତବର୍ଷେ କେମ୍ପୁରିଆରେ ଏବଂ ରାଜୋର କ୍ଷେତ୍ରେ ଯେତାବେ ସମ୍ବନ୍ଧ ଶାସକଦଳ କର୍ତ୍ତବ୍ୟ ଠିକ୍ କରାଇ ପ୍ରତିଭକ୍ରାନ୍ତ ସାମର୍ଥ୍ୟରେ ସହସ୍ରୋଗିତାର ଗଡ଼େ ତୁଳାହେ ଭାର ସଙ୍ଗେ ପଞ୍ଚମବେଳେର ଏକଟା ସାତିତ୍ତମ ଫେନ ହେବେ ?

[2-40—2-50 p.m.]

ଆମି ଆପନାଦେର କାହେ ସ୍ଟେଟସମାଜେର ଏକଟା ସବ୍ୟା ଯେଠା ଆଜି ବେରିରେହେ, ତୁଳେ ଧରନେ ଚାଇ । ସେଠାଟେ ସ୍ଟେଟସମାଜ ନେହାଂ ଦ୍ୱାରା କରେ ବଳେଛନ୍ତି ପାର୍ଲିମେଣ୍ଟେ ଗତ କରେକାଣିନ ଥିଲେ ସେ ଆଲାପ-ଆଲୋଚନା ହୁଳ ସେଇ ଆଲୋଚନାର ପରେତେ ସେ ଜିନିସଟା ପରିବର୍କାର ହେଲେ ଉଠିଲେ ସେଠା ହଜ୍ଜେ—

"by the middle of this week it became obvious that all the opposition parties—including the Communists stood most squarely behind the Prime Minister—at least as far as their professions go. Basking again in the approval expressed by some Congress M.P.s for their new resolution—the Prime Minister's and the Home Minister's approval came later in more glowing terms—the Communists opened their debating shoulders".

এই যে বক্তব্য এই বঙ্গবেষ্যের মধ্য দিয়ে স্টেটসম্যান প্রতিক্রিয়া বলতে চাইছেন অন্যান্য সমস্ত গ্রুপ প্রতিক্রিয়া নেইহুকে হেকল করছে, হ্যারাস করছে। ব্যক্তির প্রতিক্রিয়া সংসদীয় বক্তব্যে আগন্তুরা দেখেছেন যে প্রতিক্রিয়া নেইহু প্রাণ্ত ক্লান্ট লোক, ব্যক্তি সম্পর্কে অপ্রচৃত, যেন তার বিদায় নিয়ে অন্য ঘোগাড়ির লোককে আগন্তুর সম্ভাবনা হয়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে যে নীতি গ্রহণ করা হয়েছে এই প্রদেশের ক্ষেত্রে তার চেয়ে ভিন্ন নীতি আগন্তুর গ্রহণ করতে পারেন। কিন্তু তা বাদ গ্রহীত হয় তাহলে তার খেকে যে জিনিস হয়ে সেটা হচ্ছে ক্ষুণ্ণ স্বার্থের জন্ম প্রতিক্রিয়া নেইহু যে একক, তাঁর বিবরণ্য যে আকরণ স্বীকৃত হয়েছে—আগন্তুরা দেখেছেন কারিগড়াপ্পার মিঠিএ বিবারাট জনসমাবেশ হয়েছে, আচাৰ্য কৃপালুনী পরিষ্কারভাবে প্রতিক্রিয়া নেইহুর বিবরণ্য বিবেচনার করেছেন এবং তাঁর জনসমাবেশ লক জনসমাবেশ হয়েছে, এই ইঙ্গিতগুলি অত্যন্ত অচৃত ইঙ্গিত এবং দেৱিক হেকে আমি মনে কৰি কৰ্মিউনিটদের যে সমৰ্থন দেই সমৰ্থনের দেশের পক্ষে দ্ব্যাদাম আছে। তৃতীয়ত, আমি একটা কথা বলব সেটা হচ্ছে কৰ্মিউনিট মনোভাব, কৰ্মিউনিট আচৰ্জণ্যতাকাৰী, কৰ্মিউনিট কাজীভূত, দেশপ্ৰেম ইত্যাদি সম্পর্কে কৰ্মিউনিটদের যে কৰ্তৃত্ব তাকে ৩ ভাগে ভাগ কৰা যাব। প্ৰথমত, কৰ্মিউনিটদের অধিবিজ্ঞ জনসমা, তাঁর মধ্যে জড়িত হৈবে দেশপ্ৰেম। বিত্তীয়ত, সমাজভূত প্রতিষ্ঠা অৰ্থাৎ পোকণ হচ্ছে সমাজ প্রতিষ্ঠা। তৃতীয়ত, প্ৰযোজনক্ষেত্ৰীয় আচৰ্জণ্যতাকাৰী। বৰ্তমান দেশে প্ৰযোজনক্ষেত্ৰে আচৰ্জণ্যতিকভাৱে সমৰ্থে শ্ৰী চন্দ্ৰ তাঁৰ বৃত্তান্তে মাও সে-ভূজেও বই খেকে পড়েছেন। কিন্তু যে প্ৰায়শ দলিল বাতে কৰ্মিউনিট পার্টি সমৰ্পণ, কৰ্মিউনিট পার্টিৰ বাবহৰ সম্পর্ক পাৰিবৰ্তনভাৱে। যদা হয়েছে দেই ৮১ নং নথিতেৰ এবং ১৯৬০ সালে কৰ্মিউনিটদেৱ বিবৰ সম্পৰ্ক থেকে যেটা উচ্চত হয়েছে তাঁৰ তিনি উচ্চত কৰেন নি। দেখাব প্ৰযোজনভাৱে আছে প্ৰত্যেক দেশেৰ কৰ্মিউনিট পার্টি তাৰ নিজেৰ

প্রয়োজনে দেশের ঐতিহ্য দেশের বেসরক্ষণ অভীত তার সঙ্গে যোগ রেখে তারা তাদের দেশের নৰ্তাত টিক করবেন—সেদিক থেকে তারা সার্বভৌম। সমাজতন্ত্র প্রতিষ্ঠার দিক থেকে অব্ধীরণ শোকবহুত সমাজ গঠনের বে পরিকল্পনা সেদিক থেকে ভারতবর্ষের নেতারা ১৯৫৮ সালে অভিযোগ করলেন পার্লামেন্টে মেজিস্ট্রাটি স্ট্যাট করে এবং দেশের জনবিদ্যোর সংখ্যাগরিষ্ঠ অংশের সহায়তার শার্টপ্র্প্রভাবে সিঙ্গল ওয়ার ছাড়া সমাজতন্ত্র উভয়লেনের পথ বেছে নিরৱেন এবং সেই সম্পর্ক তারা প্রকাশ করেছেন। ভূতীয়ৎ: ৮১ নং দলিলে প্রাচীকশ্রেণীর আভিজ্ঞাতিকতা মনে হচ্ছে বিশ্বব্রহ্ম বাহ্যের জন্য, বিশ্বশান্তি প্রতিষ্ঠাকলে সার্বাগ্রহ নিরস্তীকরণের দিকে এগিয়ে যাওয়া এবং তার জন্য এখন প্রয়োজন বিভিন্ন রাষ্ট্রের মধ্যে শার্টপ্র্প্র সহ-অবস্থান এবং সেদিক থেকে কর্মউনিস্ট পার্টি হিসাবে আমাদের মনে কিছুমাত্র স্বিধা নেই যে ভারতবর্ষ শার্টকামী দেশ, জেট বহির্ভূত রাষ্ট্র। তার বিবৃত্যে শার্টপ্র্প্র সহ-অবস্থান নৰ্ত লঘন করে চীন বে আক্রমণ করেছে তার বিরোধিতা করতে বিশ্বমাত্র স্বিধা কর্মউনিস্ট পার্টির মধ্যে নেই। কর্মউনিস্ট পার্টির প্রস্তাবকে সেদিক থেকে বিচার বিবেচনা করে আর্ম আপনাদের অন্যোধ করাই, সেই সঙ্গে একটা কথা যোগ করতে চাইছি যেটো শ্রী রাধাকৃষ্ণ তাঁর কোজাপুরের বৃক্ষতাম খুব দৃঢ় করে বলেছেন আয়োজনের দিক থেকে উই আর আনন্দপোয়াড়। কোন শার্টকামী দেশে শার্টের যে ডায়নামিক—সেখানে ঘূর্ণের কোন আয়োজন থাকে না। সেদিক থেকে আর একটা কর্মউনিস্ট দেশ স্বীকৃত আন্তর্ভূতিক নকে বে ভারতওলেট করবে সেটা ব্যাপতে ভারতবর্ষের কর্মউনিস্ট পার্টির পকে দৈর হওয়া কিছু অস্বাভাবিক নয়। ভারত সরকার শার্টের পথ নেওয়ার জন্য, শার্টের ডায়নামিক মনে চোলার জন্য ভারতে ঘূর্ণের জন্য আয়োজন হয় নি। আমাদের এ সম্পর্কে সেজন স্বিধা হয়েছে এবং সেকথা সোমনাথবাবু, আপনাদের কাছে পরিষ্কার করে বলেছেন। আর্ম সেকথা প্ল্যারবৰ্স্টি করে আপনাদের কাছে বলাছি যে গঠনমূলক হেসব কাজ দেশ রক্ষার জন্য আছে তার মধ্যে কোথাও আমাদের নেইবের কি নেবেন না জানি না, কিন্তু দ্রুতের যেখানে কাজ আছে যেখানে আমাদের সেকে মানে সেখানে আমরা দেশ রক্ষার জন্য অপ্রাপ্ত চেষ্টা করব এবং সোমনাথবাবুর সঙ্গে কঠিন মিলিয়ে বলে আমাদের কর্মে ও ধর্মে ভারতবর্ষ সেলিন প্রশ্ন স্বাধীনত অধিক মাত্রভূমি ফিরে পাবে সেদিন আমাদের রাজ্যাতে উৎসব হবে, সেই উৎসবে আমরা অংশীদার হবো।

Shrimati Tushar Tudu:

ম'ননীয় উপাধাক মহাশয়, আজকে আমাদের ডাঃ প্রচাপচল্প চলদর মহাশয় যে দেন্দলিউশন এই শাউলের সামনে এনেছেন তাকে পূর্ণ সমর্থন ভালাতে উঠে আর্ম ২। ১৩ টা বটবা এই ইউনিসের সামনে রাখতে চাই। আজকে একথা অস্বীকার করার নেই, আমরা সকলে এক ভায়ার পরিষ্কারভাবে শ্বীকার করার হচ্ছে আমাদের মাতৃভূমি, বে দেশে আমাদের ভূমি, যে দেশের আকাশ-বাতাস এবং সূর্য-দৃঢ়ের সঙ্গে আমরা জড়িত সেই দেশ আজকে কর্মউনিস্ট চীন কর্তৃক আক্রান্ত। আজকে দূর্দল ধরে এই ইউনিসের সামনে দেভাবে আলোচনা হয়েছে সেগুলি গভীর মনোযোগের সঙ্গে শনে এই মনে হচ্ছে কোথায় বেল বেস্ট্ৰ ঠেকে। আজকে দেশের এই সময়ে মাতৃভূমি আমাদের ঐকাব্য অনুগতা চাই। এখানে কোন বিদ্যা বা ঘূর্ণের অবকাশ নেই কিন্তু তব্বি ও এখানে বৃক্ষতা রাখতে গিয়ে ও'রা যাকে মাঝে স্বিধা বা সন্দেহ প্রকাশ করেছেন—যে ঠিক আমরা দেশের বিভিন্ন অঞ্চল থেকে পেয়েছি তাতে করে এই মনে হয়েছে বে-কোন একটা বিশেষ রাজনৈতিক দল, তাদের এতদিন পরে যাইও বা নিয়া তল্প হয়েছে কিন্তু তল্পার ঘোরে প্রীয়া আজগ্ন, এখনও আবছা দেখছেন। সেজন্য আজকে আর্ম তথের মধ্য দিয়ে কিছু বলাতে চাই না কিন্তু যেটো বাস্তব অবস্থা—এখানে তাঁরা বাই বোৰ্বা করে আৰুক না কেন, এখানে সবলের সঙ্গে কঠিন মিলিয়ে যদি তারা এই ডেজিলিউশন সমর্থনও করেন তব্বি ও আর্ম আপনার সামনে আমাদের গ্রাম্যসন্মে বেসরক্ষণ ঘটনা ঘটে চলোছে দিনের পর দিন তার কতকগুলি উভয়েখ ব্যতে চাইছ। ডেপ্টী প্রীকার মহাশয়, আর্ম বিশেষ করে গড়েবেতা অঙ্গলে একটা ঘটনার দিকে আপনার দ্বিতীয় আকৰ্ষণ করাই। কিন্তু আগে আগে গড়েবেতা ধানার বে পোস্ট অফিস রঞ্জে, সেখান থেকে একে লোকে তাদের টাকা ভুলে নিছে। তার কারণ আর কিছুই নয়। দেশের মধ্যে কর্মউনিস্ট প্রীকার এমনভাবে ভীতির স্থান করেছেন বে এসে চীন চলে এসে, কঠিন গভীরে ঘূর্ণে করে করে কাজেই তাদের টাকা ভুলে নিতে হবে। এই ধরনের অপ্রচার যে পার্টির ক্ষমীয়া করে থাকেন, আর তাদের নেতারা যাই এখানে বলেন আমরা দেশবাসীর সঙ্গে এক

হয়েছি সেটা কি আমরা বিশ্বাস করবো? আমরা আজকে এখানে ধারা উপর্যুক্ত আছি আমরা সকলেই জনগণের প্রতিনিধি। এখানে শুধু আমাদের রাজনৈতিক প্রতিষ্ঠানের স্বত্ব নয়—আমাদের দেশের বে একা, দেশকে বে রক্ষা করতে হবে, দেশের ভালমন্দের মারিয়ে জনসাধারণ আমাদের উপর দিয়েছে এটা আমাদের বিশেষভাবে চিন্তা করা প্রয়োজন।

[2-50—3 p.m.]

কাজেই আজকের দিনে আর্থ বিশেষ করে এখানে হাউসের সামনে সকলকে অনুরোধ করতে চাই যে আজকে আমাদের সামনে যে ডেজার্লিউশন করা হয়েছে, যা পরে পাস করবো এই হাউস থেকে, তা যেন অক্ষরে অক্ষরে পালন করতে পারি এবং গ্রাম অঞ্চলে বিশেষভাবে তাদের মনে কোনরকম বিভ্রান্তি সৃষ্টি না করি। কাজেই আজকে যদি এখানে বিষেষভাবে দলের নেতা জোরাবর্য বিবৃতি একরকম হয়, আর্থ বিনামূলের সঙ্গে তাঁকে ডিজাসা করতে চাই, কমিউনিস্ট পার্টির নেহ জ্যোতি বস্তুর বিবৃতি কি আর একরকম হয়? কাজেই সন্দেহের বিষয়। যেখানে বাস্তিগত হিসেবে বিবৃতি একরকম হয় এবং পার্টির নেতা হিসেবে বিবৃতি আর একরকম হয়, সেখানে আমাদের মনে প্রশ্ন জাগে, দেশবাসীর মনে সন্দেহ জাগে। সেইজন্ম আজকে দেশবাসী ক্ষয় কাজেই এখান থেকে তাদের শপথ শুন্যে যেতে হবে আমাদের দেশের বিপদের সময়, আমরা সকলে ঝুঁকবৰ্য হব এবং ঝুঁকবৰ্য হয়ে দেশের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি না করে, মানুষের অজ্ঞাত সুব্যবস্থ নিয়ে বিভ্রান্তি প্রচার না করে আমরা যেন ঝুঁকবৰ্যভাবে দেশকে রক্ষা করতে হাই। আজকে এখানে বুলেটের সামনে দীর্ঘভাবে বুক পেতে দিচ্ছ বললেই দেশেরকার কর্তব্য শেষ হল—তা নহ আজ দেশের কাজ বিভ্রান্তমুখী রয়েছে, আজ দেশেরকার জওয়ানদের যেমন সাহায্য করতে হয়ে তেজনি দেশের মধ্যে জনসাধারণকেও গভীর তাগ স্মৃতিকারের মধ্যে দিয়ে যেতে হবে, তাতে প্রেরণ হোগাতে হবে, সাহায্য করতে হবে। দেশের মধ্যে আমরা ধারা ধাকবো দেশের মধ্যে উৎপাদন বাড়াবার সহযোগিতা করতে হবে, আরো বিভিন্নভাবে সাহায্য করতে হবে; তেজনি প্রতিরক্ষ ব্যবস্থা ও সুস্থিতি করতে হবে। মাননীয় ডেপুটী স্পেক্যান গহান্যায়, আপনার মাধ্যমে আর্থ শুধু মূল্যবান কাজে অনুরোধ জনান্তে চাই—এই যে ভর্তুরী অবস্থা ঘোষণা করা হয়েছে, বাংলাদেশ এই ভর্তুরী অবস্থা ঘোষণা করার পরে আমাদের যেসমস্ত কর্তৃপক্ষ আমাদের বিভিন্ন কাজে নিয়ন্ত্রণ আছেন, তারা যেন তাদের দায়িত্ব পালনে আরো বেশী তৎপর হন। ইতিপূর্বে আমাদের হ অভিজ্ঞতা হয়েছে—একটা কাজ করতে ৫ দিন সময় লেগে গেছে, সেই অবস্থার যেন সমাপ্ত ঘটে। এই বিশেষ সময়ে আমরা প্রতিকে ১০ মন করতে পারি আমরা প্রতিকে সৈনিক এবং আমরা দেশেরকার কাজে, দেশ গঠনের কাজে, দেশের উৎপাদন বৃদ্ধির কাজে আমরা যেন সম্পর্ক ভাবে সহযোগিতা করতে পারি, এবং এর জন্ম আরো বেশী সময় কাজ করতে রাজি আছি। কাজেই এখানে আমরা যে প্রস্তাব পাস করে থাক, সেই প্রস্তাব পাস করবার পরেও আমাদের কর্তব্যের শেষ নাই। আমরা যেন এই প্রস্তাবকে ঝুঁপ দিতে পারি এবং এই ঝুঁপ দেওয়ার কাজে সকলে যাতে সহযোগিতা করে এইসকলে আমাদের বিশেষ দ্রুতি রাখতে হবে। কাজেই এই কথা বলে আর্থ শেষ করবো যে আমাদের দেশের মধ্যে যে উৎপাদনী-শক্তি রয়েছে, সেটা বাস্তিয়ে তোলার জন্ম আমাদের মানুষের মধ্যে যে উৎসাহের ব্যাপ এসেছে, সেই উৎসাহকে কার্যকরী করবার জন্ম আমাদের সমবেতভাবে চেষ্টা করতে হবে এবং যাতে আমরা দেশকে রক্ষা করতে পারি এবং সঙ্গে সঙ্গে নিজেরাও স্বাধীনী হবে উত্তে পারি। যেসমস্ত যাষ্টি আমাদের এই বিপদের দিনে সাহায্য করছেন, তাদের প্রতি আমাদের ধনবাদ জানাই। আমাদের দেশকে আরো বেশী করে গড়ে তোলার কাজে ন্তৰ্মন করে নিজেরের যেন আমরা আস্থাবৃত্তি দিতে পারি, যাতে এখান থেকে ফিরে খিলে দেশের সমস্ত লোককে ঝুঁকবৰ্য করতে পারি। সঙ্গে সঙ্গে আমাদের প্রতিরক্ষ ব্যবস্থাকে সুস্থিত করার সব রকম কাজে যেন আমরা সাহায্য করতে পারি। এই ব্যবস্থা যদি গ্রহণ করি, দেশের জনসাধারণকে যদি একসত করতে পারি এবং তাদের যে উৎসাহ ও শক্তি তা হচ্ছ কাজে জাগাতে পারি, তাহলে আমরা নিশ্চয়ই এই কমিউনিস্ট চৌমের আক্ষমের হাত থেকে আমাদের দেশকে রক্ষা করতে পারবো—এ বিষয়ে কোন সন্দেহ নাই।

Mr. Deputy Speaker: The House stands adjourned for 20 minutes.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-15—3-25 p.m.]

Shri Mahananda Haldar:

